পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 195 Saturday, 15 June, 2024 ❋ ২৯ বর্ষ, ১৯৫ সংখ্যা ❋ ৩২ জ্যৈষ্ঠ, ১৪৩১, শনিবার, ১৫ জুন, ২০২৪ ❋ আজ ১২ পাতা ❋ মূল্য– ৩ টাকা

রাজ্যের ৪ বিধানসভা উপনির্বাচনে প্রার্থীর নাম ঘোষনা শাসকদল তৃণমূলের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ আগামী ১০ জুলাই বাংলার চার কেন্দ্রে রয়েছে উপনির্বাচন। তার জন্য শুক্রবার প্রার্থী ঘোষণা করে দিল তৃণমূল কংগ্রেস। মানিকতলায় কে প্রার্থী হচ্ছেন তা আগেই জানা গেছিল। এবার বাকি তিন কেন্দ্রের প্রার্থীর নামও জানিয়ে দিল রাজ্যের শাসক শিবির। শুক্রবার সকালে তৃণমূলের তরফে প্রকাশিত বিজ্ঞপ্তিতে দেখা গেল এই কেন্দ্রে প্রয়াত সাধন পাণ্ডের স্ত্রী সুপ্তিকেই প্রার্থী করা হয়েছে। বাকি তিন বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের নামও জানিয়ে দিয়েছে রাজ্যের শাসকদল। বিবৃতিতে জানানো হয়েছে, রায়গঞ্জে প্রার্থী হচ্ছেন এই বিধানসভা কেন্দ্রেরই প্রাক্তন বিধায়ক কৃষ্ণ কল্যাণী। রানাঘাট দক্ষিণ কেন্দ্রে প্রার্থী হচ্ছেন প্রাক্তন বিধায়ক মুকুটমণি অধিকারী। আর বাগদা কেন্দ্রে প্রার্থী হচ্ছেন দলের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের কন্যা মধুপর্ণা ঠাকুর। ২০২১ সালের বিধানসভা ভোটে রায়গঞ্জ এবং রানাঘাট দক্ষিণ কেন্দ্রে বিজেপি প্রার্থী হিসাবে জয়ী হয়েছিলেন কৃষ্ণ এবং মুকুটমণি। পরে তাঁরা তৃণমূলে যোগ দেন। লোকসভা নির্বাচনে কৃষ্ণকে রায়গঞ্জ কেন্দ্রে এবং মুকুটমণিকে রানাঘাট কেন্দ্রে প্রার্থী করে রাজ্যের শাসকদল। দু'জনেই বিধায়ক পদে



ইস্তফা দেন। ফলে এই দুই কেন্দ্রে উপনির্বাচন অবশ্যম্ভাবী হয়ে পড়ে। যদিও লোকসভা নির্বাচনে জিততে পারেননি দু'জনেই। তবে লোকসভা ভোটে জিততে না পারলেও দেখা যাচ্ছে দলবদলু দুই নেতার উপরেই বিধানসভা উপনির্বাচনে ভরসা রাখছে তৃণমূল। তাই ছেড়ে দেওয়া আসনে ফের প্রার্থী হচ্ছেন কৃষ্ণ এবং মুকুটমণি।গত বিধানসভা নির্বাচনে বাগদা কেন্দ্রে জয়ী হয়েছিলেন বিজেপি প্রার্থী বিশ্বজিৎ দাস। পরে তিনিও দল বদল করে তৃণমূলে আসেন। লোকসভা নির্বাচনে তাঁকে বনগাঁ কেন্দ্রে প্রার্থী করেছিল রাজ্যের শাসকদল। কিন্তু বিজেপির শান্তনু ঠাকুরের কাছে হেরে যান তিনি। বিশ্বজিৎ বিধায়ক পদে ইস্তফা দেওয়ায় বাগদা বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হচ্ছে। মতুয়া অধ্যুষিত এই কেন্দ্রের প্রার্থী হিসাবে ঠাকুরবাড়ির কন্যা তথা বনগাঁর সাংসদ শান্তনুর জ্যেঠতুতো বোন মধুপর্ণাকেই বেছে নিয়েছে রাজ্যের শাসকদল। তৃণমূলে গুঞ্জন ছিল যে, বাগদা কেন্দ্রে ফের বিশ্বজিৎকেই প্রার্থী করতে পারে তৃণমূল। প্রার্থিতালিকা ঘোষণার পর বিশ্বজিৎ এই প্রসঙ্গে বলেন, আমিই দিদিকে বলেছিলাম আমায় প্রার্থী না করতে। কারণ আমি জেলা সভাপতি। আমার দায়িত্ব অনেক বড়। আমায় সিটটা জেতাতে হবে। কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী তথা বনগাঁর সাংসদ শান্তনুর বিরুদ্ধে তাঁকে এবং তাঁর মাকে বাড়ি থেকে বের করে দেওয়ার অভিযোগ তুলে অনশনে বসে সম্প্রতি সংবাদ শিরোনামে আসেন মধুপর্ণা। গত বিধানসভা নির্বাচনে কলকাতার মানিকতলা কেন্দ্রে জয়ী হয়েছিলেন বর্ষীয়ান তৃণমূল নেতা, অধুনা প্রয়াত সাধন পাণ্ডে। রাজ্যের প্রাক্তন মন্ত্রী সাধন ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে মারা যান। কিন্তু তার পর দীর্ঘ দিন মানিকতলা বিধায়কহীন থাকলেও সেখানে উপনির্বাচন হয়নি। কারণ, গত বিধানসভায় এই কেন্দ্রের পরাজিত বিজেপি প্রার্থী কল্যাণ চৌবে কলকাতা হাই কোর্টে 'ইলেকশন পিটিশন' দাখিল করেছিলেন। সম্প্রতি সেই আইনি জটিলতা কেটে যায়। গত ১০ জুন নির্বাচন কমিশন এই চার বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের দিনক্ষণ জানিয়ে দেয়। চার কেন্দ্রেই নির্বাচন হবে আগামী ১০ জুলাই। ভোটগণনা হবে ১৩ জুলাই। কমিশন জানিয়েছে, উপনির্বাচনে প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ২১ জুন। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২৬ জুন। পশ্চিমবঙ্গ ছাড়াও দেশের আরও ছ'টি রাজ্যের ন'টি কেন্দ্রে আগামী ১০ জুলাই উপনির্বাচন হবে। ভোট হবে বিহার, তামিলনাড়ু, মধ্যপ্রদেশ, পঞ্জাবের একটি করে কেন্দ্রে। হিমাচল প্রদেশের তিনটি এবং উত্তরাখণ্ডের দু'টি কেন্দ্রেই এই দিনক্ষণ অনুযায়ী উপনির্বাচন হবে।

'চুপ করে বসে থাকব না', ক্ষুব্ধ রাজ্যপাল

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ রাজ্যে ভোট পরবর্তী বিক্ষিপ্ত অশান্তি নিয়ে পুনরায় কড়া বার্তা রাজ্যপালের। শুক্রবার তিনি ঘরছাড়া বিজেপি কর্মীদের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন মাহেশ্বরী ভবনে। এই ভবন থেকেই বিজেপি কর্মী ও তাঁদের পরিবারকে বের করে দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। আর তাঁদের নিয়ে বৃহস্পতিবার রাজভবনে দেখা করতে যাওয়ার পথে পুলিশি বাধার মুখে পড়েন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করে রাজ্যপালের মন্তব্য, এটা সংবিধান বিরোধী। এর পরই তিনি রাজ্য সরকারের উদ্দেশে তোপ দেগে জানান, ভোট পরবর্তী হিংসা নিয়ে সরকারের থেকে এখনও কোনও রিপোর্ট পাননি। কিছু নির্দিষ্ট বিষয়ে জানার ছিল, তা জানতে পারেননি। রাজ্যপালের আরও হুঁশিয়ারি, আমি কিন্তু চুপ করে বসে থাকব না। এনিয়ে মুখ্যমন্ত্রীকে চিঠি লিখতে চলেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। ভোটের পর থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে ছোটখাটো রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটেই চলেছে। তৃণমূলের 'অত্যাচারে' বিজেপির বহু কর্মী, সমর্থক পরিবারসহ ঘরছাড়া হয়েছেন বলে অভিযোগ। তাঁদের কলকাতার মাহেশ্বরী ভবনে রাখা হয়েছিল। কিন্তু তাঁদের সেখান থেকে বের করে দেওয়া হয় বলে তৃণমূলের বিরুদ্ধে অভিযোগ তুলেছে বিজেপি। বৃহস্পতিবার সেসব ঘরছাড়াদের নিয়েই রাজভবনে দেখা করতে যাচ্ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কিন্তু মাঝপথে তাঁর গাড়ি আটকে দেয় পুলিশ। রাজ্যপালের অনুমতি নেওয়া সত্ত্বেও কেন তাঁদের এভাবে আটকানো হল, সেই প্রশ্ন তুলে পুলিশের বিরুদ্ধে সরব হন শুভেন্দু। শুক্রবার একই সুরে কথা বলতে শোনা গেল রাজ্যপাল সিভি আনন্দ বোসকে। তাঁর কথায়, কিছু মানুষ হিংসা নিয়ে আমার সঙ্গে দেখা করতে চেয়েছিলেন, কিন্তু তাঁদের দেখা করতে দেওয়া হলো না। এটা সংবিধান বিরোধী। নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যে বেশ কিছু খুনের ঘটনা সামনে এসেছে। আমি কিন্তু চুপ করে বসে থাকব ন। তাছাড়া আজ আদালতও বলেছে, যদি কেউ রাজ্যপালের সঙ্গে দেখা করতে চায়, তাহলে তাঁকে আটকানো যাবে না। যদি কেউ তা করেন, তাহলে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া উচিত। আশা করব, এটাই প্রথম আর এটাই শেষ। এর পর আর এমন হবে না।

শপিং ফেস্টিভাল-করবে রাজ্য সরকার

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের পরিবর্তে রাজ্য সরকার চলতি বছরে একটি আন্তর্জাতিক মানের শপিং ফেস্টিভাল এর আয়োজন করতে চলেছে। আগামী সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বিশ্ববাংলা মেলা প্রাঙ্গনে সপ্তাহব্যাপী এই ফেস্টিভ্যালে বিভিন্ন দেশের পাশাপাশি এই রাজ্যের বিভিন্ন সামগ্রী বিক্রির আয়োজন করা হবে বলে শিল্প উন্নয়ন নিগম সূত্রে জানা গিয়েছে। রাজ্যে শিল্পের সম্ভাবনা এবং শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার কি ধরনের সুযোগ সুবিধা দিচ্ছে সেই বিষয়টিও তুলে ধরা হবে।

শর্তসাপেক্ষে শুভেন্দুকে রাজভবন যাওয়ার অনুমতি হাই কোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ শর্তসাপেক্ষে রাজভবনে যেতে পারেন শুভেন্দু অধিকারী। শুক্রবার অনুমতি দিল কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহা। বিচারপতি সিনহা কার্যত পুলিশকে তুলোধোনা করেন। আদালতের নির্দেশ অনুযায়ী, রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করার জন্য নতুন করে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে আবেদন জানাতে হবে শুভেন্দুকে। বিচারপতি অমৃতা সিনহার নির্দেশ অনুযায়ী, রাজ্যপাল অনুমতি দিলে তাঁর সঙ্গে দেখা করতে পারেন শুভেন্দু অধিকারী এবং ভোট পরবর্তী সন্ত্রাসে আক্রান্ত ব্যক্তিরাও। রাজ্যপালের অনুমতি পেলে কতজন তাঁর সঙ্গে দেখা করবেন এবং যদি গাড়ি নিয়ে যাওয়া হয় তাহলে কটি গাড়ি রাজভবনের ভিতরে যাবে তা জানাতে হবে পুলিশকে। তবে শুভেন্দু অধিকারীর আইনজীবীর সওয়াল, আমরা কোনও গাড়ি ভিতরে নিয়ে যাব না। সবাই হেঁটে রাজভবনের ভিতরে যাব। রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে, যাঁরা ভিতরে যাবেন, তাঁদের শনাক্তকরণের কাজ শুভেন্দু অধিকারীর পক্ষের কাউকে করতে হবে। রাজ্যের শর্তে রাজি হন বিচারপতি। তিনি জানান, শুভেন্দু অধিকারীর পক্ষের কেউ শনাক্ত করবেন। তবে কারও পরিচয় নথিবদ্ধ করা যাবে না। নাহলে আবার পরে হেনস্তার আশঙ্কা প্রকাশও করেন বিচারপতি।

উল্লেখ্য, ভোটের পর থেকে রাজ্যের বিভিন্ন জায়গায় বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন বলে অভিযোগে সরব শুভেন্দু, সুকান্তরা। তাঁদের জন্য কলকাতার একটি ধর্মশালা 'মাহেশ্বরী ভবন' ভাড়া করা হয়েছিল, আশ্রয় দেওয়ার জন্য। সেখানে গিয়ে তাঁদের সঙ্গে দেখাও করেছেন বিজেপি রাজ্য সভাপতি তথা নতুন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। কিন্তু সেই মাহেশ্বরী ভবন থেকেও নাকি তাঁদের বের করে দেওয়া হয়েছে। এর পরই শুভেন্দু অধিকারী সেসব ঘরছাড়াদের নিয়ে রাজভবন যাওয়ার পরিকল্পনা করেন। বিরোধী দলনেতা রাজ্যপালকে এই সংক্রান্ত বিষয় জানিয়ে ইমেল পাঠান। তাঁর দাবি, রাজ্যপালের সচিবের তরফে জানানো হয়, ঘরছাড়াদের নিয়ে রাজভবনে যাওয়ার অনুমতি দেওয়া হল, রাজ্যপাল সকলের সঙ্গে দেখা করবেন। সেইমতো বৃহস্পতিবার তাঁর সকলকে নিয়ে রাজভবনের উদ্দেশে রওনা দেওয়া। কিন্তু মাঝপথে পুলিশ তাঁদের আটকায়। রাজভবনের চারপাশে ব্যারিকেড করে দেওয়া হয়। একঘণ্টা গাড়িতে বসে থাকার পর নেমে আসেন শুভেন্দু। পুলিশের কাছে জানতে চান, কী কারণে আটকানো হল? পুলিশ জানায়, ১৪৪ ধারা জারি, তাই রাজভবনে এতজন মিলে যেতে পারবেন না। এর পরই ক্ষুব্ধ হয়ে ওঠেন শুভেন্দু অধিকারী। সাংবাদিকদের সামনে পেয়ে তিনি অভিযোগ করেন, রাজভবন থেকে ২০০ জন ঘরছাড়াকে নিয়ে যাওয়ার অনুমতি পাওয়া গিয়েছিল। কিন্তু এখানে ১৪৪ ধারার নাম করে বিরোধী দলনেতাকে মাঝপথে আটকাচ্ছে পুলিশ। এই যুক্তি গ্রাহ্য হয় না। এর পর শুক্রবার কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হন শুভেন্দু অধিকারী।

কসবার অ্যাক্রোপলিস মলে বিধ্বংসী আগুন

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ পার্ক স্ট্রিটের পর কসবা। চারদিনের মাথায় ফের শহর কলকাতায় অগ্নিকাণ্ড। কসবায় অ্যাক্রোপলিস মলে বিধ্বংসী আগুন। শপিং মলের চারতলায় থাকা বুক স্টোর থেকে ফুড কোর্টে আগুন ছড়িয়ে পড়ে। ধোঁয়া দেখে ক্রেতাদের মধ্যে হুড়োহুড়ি পড়ে যায়। ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছেছে দমকলের ৪টি ইঞ্জিন। যুদ্ধকালীন তৎপরতায় চলছে আগুন নেভানোর কাজ। অ্যাক্রোপলিস মলের চারতলায় রয়েছে ফুড কোর্ট এবং বইয়ের দোকান। রয়েছে একাধিক অফিস। শপিং মলের চারতলায় থাকা বুক স্টোর থেকে ফুড কোর্টে আগুন ছড়িয়ে পড়ে। আচমকাই চারতলা থেকে কালো ধোঁয়া বেরতে থাকে। মুহূর্তের মধ্যে গলগল করে বেরনো কালো ধোঁয়ায় ঢেকে যায় মলের ভিতর। আতঙ্কে হুড়োহুড়ি পড়ে যায়। দ্রুত খালি করে দেওয়া হয় শপিং মল। ক্রেতা এবং কর্মীরা কোনওক্রমে বাইরে বেরিয়ে আসে। অ্যাক্রোপলিস মলের পাশে গীতাঞ্জলি স্টেডিয়াম। সেখানে কর্মীদের আশ্রয়ের বন্দোবস্ত করা হয়েছে। এমার্জেন্সি গেট দিয়ে বেরতে গিয়ে বেশ কয়েকজন অসুস্থ হয়ে পড়েন বলেই খবর। দমকল মন্ত্রী সুজিত বসু বলেন, ইতিমধ্যে দমকলের চারটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছয়। ঘটনাস্থলে পৌঁছেছে অক্সিজেন মাস্ক পরে শপিং মলের ভিতরে যুদ্ধকালীন তৎপরতায় চলছে আগুন নেভানোর কাজ। ভেন্টিলেশন চালু রাখতে মলের কাচ ভেঙে আপাতত শপিং মল থেকে ধোঁয়া বার করার কাজ শুরু হয়। গার্ডরেল দিয়ে শপিং মল ঘিরে ফেলা হয়েছে। বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে গোটা শপিং মল। কী কারণে আগুন লাগল, তা এখনও স্পষ্ট নয়। শপিং মলের অগ্নিনির্বাপণ ব্যবস্থা আদৌ ঠিকঠাক আছে কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। তবে বিকাল চারটে নাগাদ দমকল কর্মীরা জানান আগুন নিয়ন্ত্রণে এসেছে। কি থেকে এই আগুন লেগেছে তা সঠিক জানা যায়নি। তবে মনে করা হচ্ছে শর্ট সার্কিট থেকে তা হয়েছে। তবে তদন্ত চলবে।

প্যাচপ্যাচে গরমে অবস্থা কাহিল রাজ্যবাসী কবে আসছে বর্ষা? জানাল হাওয়া অফিস

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ প্যাচপ্যাচে গরমে অবস্থা কাহিল রাজ্যবাসীর। তারমধ্যে রাজ্যের বেশ কয়েকটি জেলায় চলছে তাপপ্রবাহ। কিন্তু কথা মতো শুক্রবার খুশির খবর দিল হাওয়া অফিস। আপাতত শনিবারে রাজ্যে শেষ হচ্ছে তাপপ্রবাহের সমস্ত স্পেল। আগামী সপ্তাহের শুরু দিকে দক্ষিণবঙ্গে প্রবেশ করবে বর্ষা। শুক্রবার বিকালের বুলেটিনে মৌসম ভবনের পূর্বাভাস, আগামী চার-পাঁচ দিনের মধ্যে বর্ষা আসতে পারে দক্ষিণবঙ্গে। পাশাপাশি, শনিবার থেকেই দক্ষিণবঙ্গে তাপপ্রবাহ বন্ধ হচ্ছে বলেও জানিয়েছেন আবহবিদেরা। আবহবিদেরা জানিয়েছেন, দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু আগামী চার-পাঁচ দিনের মধ্যে ওড়িশা, অন্ধ্র উপকূল, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কিছু অংশ এবং বিহারের কিছু অংশে অগ্রসর হতে পারে। ফলে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং উত্তরবঙ্গের বাকি জায়গায় বর্ষা ঢোকার অনুকূল পরিবেশ রয়েছে। তবে তার আগে প্রাক্-বর্ষার বৃষ্টিতে দক্ষিণবঙ্গ ভিজতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। ইতিমধ্যেই দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় প্রাক্-বর্ষার কারণে বিক্ষিপ্ত ভাবে বৃষ্টিপাত শুরু হয়েছে। গত কয়েক দিন প্রবল বৃষ্টি চলছে উত্তরের জেলাগুলিতে। সেখানে বন্যা পরিস্থিতি তৈরির সম্ভাবনাও রয়েছে। টানা বৃষ্টিতে ধস নেমেছে পাহাড়ে। সিকিমে আটকে পড়েছেন পর্যটকেরা। ক্রমশ বাড়ছে তিস্তার জল। এর মাঝে শুক্রবারও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং কালিম্পঙে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে হাওয়া অফিস। এই তিন জেলায় লাল সতর্কতা জারি করা হয়েছে। এ ছাড়া দার্জিলিং এবং কোচবিহারেও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

রেস্তরাঁ কাণ্ডে তদন্তে গোয়েন্দা বিভাগই

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ তৃণমূলের তারকা বিধায়ক সোহম চক্রবর্তীর রেস্তরাঁয় অশান্তির ঘটনায় তদন্ত চালিয়ে যাওয়ার নির্দেশ। কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহার নির্দেশ অনুযায়ী, বিধাননগরের গোয়েন্দা বিভাগকে তদন্ত চালিয়ে যেতে হবে। আগামী ৪ জুলাই তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট পেশের নির্দেশ। মামলাকারীদের নিরাপত্তা সুনিশ্চিত করারও নির্দেশ দেন বিচারপতি। এছাড়া যথাযথভাবে মামলার তথ্যপ্রমাণ সংরক্ষণ করার নির্দেশও দেওয়া হয়েছে। গত সপ্তাহে শুটিং করার সময় গাড়ি রাখাকে কেন্দ্র করে অশান্তির জেরে রেস্তরাঁ

নির্দেশ হাই কোর্টের

মালিককে চড় মারার অভিযোগ উঠেছে বিধায়ক সোহম চক্রবর্তীর বিরুদ্ধে। যদিও পরে তিনি ক্ষমা চেয়ে নেন। তবে টেকনো সিটি থানায় অভিযোগ দায়ের করেছিলেন আক্রান্ত রেস্তরাঁ মালিক। অভিযোগ, বেশ কয়েকদিন পেরিয়ে গেলেও কোনও পদক্ষেপ করেনি পুলিশ। বুধবার মামলা দায়েরের অনুমতি চেয়ে কলকাতা হাই কোর্টে আবেদন করেন রেস্তরাঁ মালিক। বিচারপতি অমৃতা সিনহা অনুমতি দেন। ওই মামলার পরিপ্রেক্ষিতে কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহার নির্দেশ অনুযায়ী, বিধাননগরের গোয়েন্দা বিভাগকে তদন্ত চালিয়ে যেতে হবে।

ভুল করেই এনডিএ সরকার গঠন হয়েছে ঃ খাড়গে

বেঙ্গালুরু, ১৪ জুন ঃ কেন্দ্রে এনডিএ সরকার গঠন নিয়ে কটাক্ষ করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। তাঁর কথায়, ভুল করেই এনডিএ সরকার গঠন হয়েছে, মোদীজি জনাদেশ পাননি। শুক্রবার বেঙ্গালুরুতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মল্লিকার্জুন খাড়গে বলেছেন, এটি একটি সংখ্যালঘু সরকার। যে কোনও সময় এই সরকারের পতন হতে পারে। খাড়গে আরও বলেছেন, আমরা চাই সরকার টিকে থাকুক, দেশের মঙ্গল হোক, দেশকে শক্তিশালী করতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে। কিন্তু আমাদের প্রধানমন্ত্রীর চান না কোনও কিছু ভালোভাবে চলুক। তবে আমরা দেশকে শক্তিশালী করতে সহযোগিতা করব।

আসল প্রশ্নপত্র পেয়েছিলাম, নিট বিতর্কে বিস্ফোরক দাবি পরীক্ষার্থীর

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন ঃ সর্বভারতীয় মেডিক্যাল পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের কথা সরকার অস্বীকার করলেও প্রকাশ্যে আসছে একের পর এক বিস্ফোরক তথ্য। প্রশ্ন ফাঁসের অভিযোগে ইতিমধ্যেই পাটনা পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে আয়ুশ রাজ নামে এক পরীক্ষার্থী। তাঁর দাবি টাকার বিনিময়ে তিনি প্রশ্নপত্র পেয়েছিলেন। পরীক্ষা হলে ঢুকে তিনি দেখেন, তাঁর পাওয়া প্রশ্নপত্র ও আসল প্রশ্নপত্র হুবহু এক। শুধু তাই নয়, এই ঘটনায় বিহার পুলিশের হাতে এখনও পর্যন্ত গ্রেপ্তার হয়েছেন ১৯ জন। তবে সরকারের দাবি, প্রশ্নপত্র ফাঁস হয়েছে এখনও এমন কোনও প্রমাণ মেলেনি। সর্বভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী জানতে পারা গিয়েছে, এই ঘটনার তদন্তে নেমে এখনও পর্যন্ত যে ১৯ জনকে গ্রেপ্তার করেছে পাটনা পুলিশ। তাঁদের মধ্যে অন্যতম আয়ুশ রাজ নামের এক পরিক্ষার্থী। পুলিশকে দেওয়া বয়ানে আয়ুশের দাবি, 'পাটনার লার্ন হোস্টেলে গত ৪ মে রাতে আমায় নিয়ে যাওয়া হয়। সেখানে আমায় পরীক্ষার প্রশ্নপত্র দেওয়া হয়। একইসঙ্গে দেওয়া হয় উত্তরপত্র। তা পুরো মুখস্ত করার নির্দেশ দেওয়া হয়। সেদিন আমার সঙ্গে দেখানে উপস্থিত ছিলেন আরও ২০-২৫ জন পরীক্ষার্থী। এর পর পরীক্ষা হলে প্রবেশ করে আমি দেখি আমাকে দেওয়া প্রশ্নপত্র ও পরীক্ষার প্রশ্নপত্র হুবহু এক।' ওই যুবকের বয়ান ইতিমধ্যেই আদালতে পেশ করেছে পুলিশ। এদিকে পুলিশের এফআইআরে স্পষ্টভাবে দাবি করা হয়েছে,আমাদের কাছে খবর আগে পরীক্ষা সঞ্চালন বিভাগ ও কিছু পরীক্ষার্থীদের উদ্যোগে নিট পরীক্ষার প্রশ্নফাঁস হয়েছে। পরীক্ষাকেন্দ্রের বাইরেই JH01BW0019 নম্বরের একটি সন্দেহজনক গাড়ি দাঁড়িয়ে রয়েছে। সেই মতো আমরা সেখানে গিয়ে গাড়িটি আটক করি। এর পর গাড়িটির ড্রাইভার পালানোর চেষ্টা করে। গাড়িটিতে মোট ৩ জন ছিলেন ৪ জন পরিক্ষার্থীর অ্যাডমিট কার্ডের জেরক্স কপি পাওয়া যায় তাঁদের থেকে। জিজ্ঞাসাবাদে তাঁরা স্বীকার করে, পরীক্ষাকেন্দ্রের দায়িত্বে থাকা আধিকারিকদের সঙ্গে রফা করে প্রশ্নফাঁস করছিল তাঁরা। আরও একাধিক সেন্টারে এই একই ঘটনা ঘটেছে। মামলার তদন্তে নেমে এখনও পর্যন্ত ১৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

মহারাষ্ট্রের পশ্চিম বিদর্ভ অঞ্চলে ৫ মাসে আত্মহত্যা ৪৬১ জন কৃষকের

নয়াদিল্লি, ১৪ জুন ঃ কৃষকদের স্বার্থরক্ষায় সরকার যতই গালভরা প্রতিশ্রুতি দিক না কেন, ভালো নেই দেশের অন্নদাতারা। রিপোর্ট বলছে, দড়ির ফাঁসেই যেন রেহাই খুঁজছেন দেশের কৃষকরা। দেশজুড়ে ক্রমাগত বেড়েই চলেছে কৃষক আত্মহত্যার ঘটনা। এর মধ্যে সবচেয়ে খারাপ অবস্থা মহারাষ্ট্রে। সরকারি পরিসংখ্যান বলছে, মহারাষ্ট্রের পশ্চিম বিদর্ভ অঞ্চলে গত ৫ মাসে আত্মহত্যা করেছেন ৪৬১ জন কৃষক। পাশাপাশি অমরাবতী জেলায় ৫ মাসে এই আত্মহত্যার সংখ্যাটা ১৪৩। মহারাষ্ট্রের সরকারি রিপোর্ট বলছে, গত ৫ মাসে অমরাবতীতে ১৪৩ জন আত্মহত্যা করেছেন। এছাড়া অকোলা জেলায় সংখ্যাটা ৮২, যবনমালে ১৩২ বুলদানায় ৮৩, ওয়াসিম জেলায় ২১ জন আত্মহত্যা করেছেন গত ৫ মাসে। সরকারিভাবে দাবি করা হচ্ছে, মূলত প্রাকৃতিক দুর্যোগ, অসময়ের বৃষ্টি এবং ফসল উৎপাদনে অনুপযোগী

বন্ধ্যা জমিই এর মূল কারণ। তবে কৃষকদের তরফে জানা যাচ্ছে, এ সবের চেয়ে আরও বড় কারণ হল ফসলের পর্যাপ্ত মূল্য না পাওয়া এবং কৃষি ক্ষেত্রে সরকারের ভুল নীতি। এর জেরেই দেনার দায়ে আত্মহত্যা করছেন কৃষকরা। বিশেষ সূত্রে আরও জানা যাচ্ছে, যে রিপোর্ট সামনে এসেছে তা শুধুমাত্র মহারাষ্ট্রের পশ্চিম বিদর্ভ অঞ্চলের জেলাগুলির জানুয়ারি থেকে মে মাসের রিপোর্ট। গোটা মহারাষ্ট্র ধরলে সংখ্যাটা যে আরও ভয়ংকর তা বলার অপেক্ষা রাখে না। এখনও পর্যন্ত পূর্ব বিদর্ভ, মারাঠওয়াড়া সহ গোটা মহারাষ্ট্রের রিপোর্ট আসতে বাকি রয়েছে। কৃষকদের আত্মহত্যা রুখতে সরকারের তরফে ইতিমধ্যেই চালু করা হয়েছে হেল্পলাইন, ও ইমেল আইডি। যা হল, ৯৯৯৯৬৬৬৫৫৫, ০২২-২৫৫২১১১১ ও helpvan-drevalafoundation.comú তবে কৃষকদের মানসিক স্বাস্থ্যের উন্নতিতে হেল্পলাইন চালু হলেও কৃষকদের অভিযোগ সরকার মূল সমস্যাকে গুরুত্ব দিচ্ছে না বলে জানা গিয়েছে।

জি-৭ সামিটে জেলেনস্কি-মোদি বৈঠক

এগজানিয়া, ১৪ জুন ঃ জি৭ সম্মেলনে যোগ দিতে ইটালি গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৃহস্পতিবার সেদেশের এগজানিয়া শহরে পা রাখেন তিনি। সেই আন্তর্জাতিক সম্মেলনে উপস্থিত রয়েছেন তাবড় রাষ্ট্রনেতারাও। সেখানেই আজ, শুক্রবার ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে আলাদা করে বৈঠক করেন মোদি। পাশাপাশি তিনি সাক্ষাৎ করেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ও ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাকের সঙ্গেও। এছাড়াও নমো দেখা করবেন পোপ ফ্রান্সিসের সঙ্গে। তৃতীয়বার প্রধানমন্ত্রীর আসনে বসার পর এটাই মোদির প্রথম বিদেশ সফর। ইটালির প্রধানমন্ত্রীর জর্জিয়া মেলোনির আমন্ত্রণে বিশেষ অতিথি হিসাবে ৫০তম জি৭ সামিটে যোগ দিয়েছেন নমো। বিশেষ সূত্রে খবর, এই সম্মেলনের ফাঁকেই জেলেনস্কির সঙ্গে বৈঠক সেরেছেন মোদি। চব্বিশের লোকসভা নির্বাচনে জয়লাভের জন্য তাঁকে

শুভেচ্ছা জানিয়েছিলেন ইউক্রেনের প্রেসিডেন্ট। আগামিদিনে দিল্লির সঙ্গে কিয়েভের সম্পর্ক আরও মজবুত করতে আগ্রহ প্রকাশ করেছিলেন তিনি। তবে ইটালিতে মোদি ও জেলেনস্কির মধ্যে কী নিয়ে আলোচনা হয়েছে তা এখনও জানা যায়নি। বিশ্লেষকদের মতে, রাশিয়ার সঙ্গে চলমান যুদ্ধ নিয়ে মোদির সঙ্গে কথা বলে থাকতে পারেন জেলেনস্কি। কারণ ভারতের সঙ্গে রাশিয়ার সুসম্পর্কের কথা কারও অজানা নয়। মোদির সঙ্গে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের গভীর বন্ধুত্বের কথাও তিনি জানেন। তাই রাশিয়াকে শান্তি ফেরানোর বার্তা দিক ভারত, এটাই চান ইউক্রেনের প্রেসিডেন্ট। উল্লেখ্য, যুদ্ধ আবহে পুতিন ও জেলেনস্কির সঙ্গে একাধিকবার ফোনে কথা বলেছেন মোদি। দুজনকেই বৈঠক ও আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করার বার্তা দিয়েছেন তিনি। এদিকে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে রক্তক্ষয়ী লড়াই থামেনি। হামলা পালটা হামলা, মৃত্যুমিছিল সবকিছুই অব্যাহত। এই পরিস্থিতিতে হঠাৎই যুদ্ধবিরতির কথা শোনা গেল রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের গলায়! তবে যুদ্ধ থামানোর জন্য কয়েকটি শর্ত বেঁধে দিয়েছেন তিনি। যা মানতে হবে ইউক্রেনকে। তাহলেই ছেদ পড়বে এই সংঘর্ষে।

IIFL FINANCE
CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654
E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড ("IIFL") সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির সর্বজনীন নিলাম **18-06-2024 তারিখে দুপুর 3টে থেকে বিকাল 5টার মধ্যে ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড**-এর মাধ্যমে তাদের অনলাইন নিলাম প্ল্যাটফর্ম **https://egold.auctiontiger.net**-এ অনলাইনে পরিচালিত হবে। স্থান বা তারিখের কোনোরকম পরিবর্তন (যদি থাকে) নিলাম কেন্দ্রেই প্রদর্শিত হবে। যদি কোনো কারণে এখানে উল্লিখিত তারিখে ই-নিলাম অনুষ্ঠিত হতে না পারে বা যদি নিলাম একই দিনে সম্পন্ন না হয়, তাহলে আইআইএফএল একই নিয়ম ও শর্তে নিলাম প্ল্যাটফর্ম এবং / অথবা সংশ্লিষ্ট জেলার মধ্যে সংশ্লিষ্ট তালুকগুলিতে উপস্থিত নিলাম কেন্দ্রে যে কোনও পরবর্তী তারিখে উল্লিখিত নিলাম পরিচালনা করার বা নিলামের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার অধিকার সংরক্ষণ করে। যে ব্যালেন্স আইটেমগুলি অবশিষ্ট ছিল সেগুলি নিলাম প্ল্যাটফর্ম এবং / অথবা নিলাম কেন্দ্রে উপস্থিত সংশ্লিষ্ট জেলার মধ্যে সংশ্লিষ্ট তালুকগুলিতে বিশদ বিবরণ প্রদর্শন করার পরে পরবর্তী কার্যদিবসে নিলাম করা হবে। গ্রাহক যদি জীবিত না থাকেন, সেক্ষেত্রে নিলাম সংক্রান্ত সমস্ত শর্ত মনোনীত / আইনগত উত্তরাধিকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

শাখার নাম: বীরভূম-বোলপুর জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20654760, GL20658341, GL20669154, GL20682167, GL20893266, GL21961265, GL22161550, GL23817066, GL25549352, GL25573414, GL25718296, GL25742548, GL25913290, GL25940684, GL26085302, GL26093763, GL26103587, GL26113012, GL26113347, GL26114113, GL26345102, GL26363133, GL26375497, GL26384660, GL26392275, GL26392323, GL26405686, GL26421721, GL26442907, GL26456472, GL26487839, GL26510474, GL26529532, GL26544637, GL26551677, GL26574286, GL26579316, GL26586896, GL26611054, GL26611367, GL26685919, GL26694509, GL26707753, GL26708012, GL26722955, GL26725403, GL26735854, GL26736847, GL27751804, GL27753093, GL27775365, GL27775586, GL28545637, GL28570650, GL28650080, GL28673058, GL28686544, GL28689794, GL28804022, GL28810339, GL28811401, GL28815980, GL28821427, GL28821535, GL28933540, GL29156150, GL29175941, GL29190627, GL29233123, GL29310975, GL29326950, GL29531968, GL29546251, GL29566094, GL29724166, GL29896586, GL29903271, GL29993937, GL29999336, GL30007718, GL30007781, GL30052521, GL30070819, GL30084606, GL30123960, GL30137654, [illegible]

শাখার নাম: বীরভূম-নলহাটি জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: বীরভূম-রামপুরহাট জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: বীরভূম-সাঁইথিয়া জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: বীরভূম-সিউড়ি । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: মুরারই-বীরভূম জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible] GL28825401, GL28841577, GL29068057, GL29072633, GL29235888, GL29252710, GL29775575, GL29795383, GL30049400, GL30064551, GL30084037, GL30612691, GL30664341, GL30749110, GL30761849, GL31884990, GL31885113, GL32521840, GL32590228, GL32724204.

ই-অকশন ''যেখানে যেরকমভাবে আছে'', ''যেমতাবস্থায় আছে'' এবং ''যা আছে'' ভিত্তিতে পরিচালনা করা হবে এবং আইআইএফএল উল্লিখিত সোনার অলংকারের গুণমান, বিশুদ্ধতা, ক্যারেটেজ, ওজন বা ভ্যালুয়েশনের বিষয়ে কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি দেয় না। ই-অকশন প্রক্রিয়া এবং এই ধরনের ই-অকশন অনুসারে বিক্রয় (যদি হয়ে থাকে) শর্তাবলীর সাপেক্ষে হবে যেমনটি আইআইএফএল তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে আরোপ করা উপযুক্ত বলে মনে করবে। আইআইএফএল, কোনও পূর্ব নোটিশ ছাড়াই তার সম্পূর্ণ নিজস্ব বিবেচনার ভিত্তিতে, নিলাম তালিকা থেকে যে কোনও অ্যাকাউন্ট এবং কোনও কাজকে স্থগিত করতে পারে বা অপসারণ করতে পারে এবং তাই কোনও কারণ না জানিয়ে তারা যে কোনও একটি বা সমস্ত বিড বা অফার প্রত্যাখ্যান করতে পারে। খেলাপি করা ঋণগ্রহীতার বিবরণ, বন্ধক রাখা অলঙ্কার এবং অন্যান্য বিবরণ সংশ্লিষ্ট শাখায় প্রদর্শিত হয়েছে। খেলাপি ঋণগ্রহীতার(দের) কাছে সাম্প্রতিকতম সুদ এবং সমস্ত প্রযোজ্য চার্জ সহ সম্পূর্ণ বকেয়া পরিশোধ করার এবং এই নোটিশ প্রকাশের পরেও তাদের ঋণ অ্যাকাউন্ট বন্ধ করার বা সেটি নিয়মিত করার বিকল্প রয়েছে নিলামের তারিখ পর্যন্ত, কিন্তু এগুলি করতে ব্যর্থ হলে প্রতিশ্রুত নির্ধারিত সোনার অলঙ্কারগুলি বিক্রি করে দেওয়া হবে এবং বাকি বকেয়া (যদি থাকে) সুদ ও খরচ সহ আদায় করা হবে। তবে, এই প্রকাশনার পরে ক্লোজ বা রেগুলারাইজ করা লোন গুলোকে তাদের উপযুক্ত পাবলিকেশন চার্জ বহন করতে হবে। অকশনের অতিরিক্ত অর্থ ফেরতের জন্য ঋণগ্রহীতাদের তাদের লেটেস্ট ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ জমা / আপডেট করার অনুরোধ করা হচ্ছে, যদি থাকে।

বিস্তারিত তথ্য ও শর্তাবলীর জন্য আইআইএফএল ফাইন্যান্স লিমিটেডের সংশ্লিষ্ট শাখা অফিসে যোগাযোগ করুন।

তারিখ: 15.06.2024
স্থান: বীরভূম

Sd/
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড

কেমন হবে চিন ও পাকিস্তানের সঙ্গে সম্পর্ক? সীমান্ত সমস্যা নিয়ে মুখ খুললেন জয়শঙ্কর

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ ফের ভারতের বিদেশমন্ত্রী হিসাবে দায়িত্ব কাঁধে নিয়েছেন এস জয়শংকর। গত মঙ্গলবার, নতুন করে সমস্ত কাজ বুঝে নিতে তিনি পা রাখেন সাউথ ব্লকে। সেখানে তাকে ফুল দিয়ে স্বাগত জানানো হয়। আর দ্বিতীয়বারের জন্য বিদেশমন্ত্রী হয়ে তাঁর গলায় শোনা গেল সীমান্ত সংঘাতের কথা। মোদি ৩.০ সরকারের প্রধান লক্ষ্য যে বর্ডার ইস্যুগুলোর সমাধান ও সন্ত্রাসবাদ দমনে কাজ করা, সেকথাই জানালেন তিনি। পাশাপাশি চিন ও পাকিস্তানের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক ও আগামিদিনে ভারতের বিদেশনীতির কথাও তুলে ধরলেন জয়শংকর।মঙ্গলবার বিদেশমন্ত্রী বলেন, ' আমি সম্পূর্ণরূপে আশাবাদী আগামী দিনে প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিদেশনীতি আরও সফল হবে। বিশ্বে ভারতের প্রভাব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এটি শুধুমাত্র আমাদের উপলব্ধি নয়, অন্যান্য দেশগুলিও মনে করে ভারত সঠিক বন্ধু। তারা দেখেছে জি২০ সম্মেলনে ভারত কী ভাবে সভাপতিত্ব করেছে। আমাদের দায়িত্ব বৃদ্ধি পাচ্ছে।'' শীঘ্রই রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্যপদ পাবে ভারত, এই আশাও প্রকাশ করেছেন জয়শঙ্কর।এরপরই ভারত-চিন সীমান্ত বিরোধ প্রসঙ্গেও কথা বলেন জয়শঙ্কর। তাঁর কথায়, ' কোনও গণতান্ত্রিক দেশে পর পর তিন বার নির্বাচিত হওয়া খুবই বড় ব্যাপার। ভারতে যে রাজনৈতিক স্থিতিশীলতা রয়েছে, তা বিশ্ববাসী বুঝতে পারছেন। জয়শঙ্কর আরও বলেন, ভারত এবং পাকিস্তান নিয়ে উদ্বেগ রয়েছে। তবে দু'দেশের সঙ্গে সম্পর্ক আলাদা এবং সমস্যাও ভিন্ন। চিনের বিষয়ে অবশ্যই আমরা সীমান্ত সমস্যা সমাধানের দিকে মনোযোগ দেব।'' পাকিস্তান নিয়ে বলতে গিয়ে জয়শঙ্কর মনে করিয়ে দেন আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের কথা। তিনি বলেন, ' সঙ্গে আমাদের বহু বছরের পুরনো আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের সমস্যা রয়েছে। তাই সেই সমস্যা সমাধানের পথ খুঁজতে হবে। আমাদের লক্ষ্য সীমান্তে শান্তি বজায় রাখা।'' দীর্ঘ দিন ধরেই ভারত এবং পাকিস্তানের দ্বিপাক্ষিক সম্পর্কে শীতলতা রয়েছে। চলতি বছরে দুই দেশে নতুন সরকার এলেও সেই শীতলতা কাটেনি। তবে আগামী দিনে বরফ গলার আশা করছেন জয়শঙ্কর।

৪৫ জন ভারতীয়ের দেহ নিয়ে কোচি ফিরল বায়ুসেনার বিমান

এর্নাকুলাম, ১৪ জুন ঃ কুয়েতে বহুতল আবাসনে আগুন লাগার ঘটনায় নিহত ৪৫ জন ভারতীয়ের দেহ ফিরিয়ে আনা হল দেশে। শুক্রবার ভোরে বায়ুসেনার একটি বিমান কুয়েত থেকে কেরলের উদ্দেশে রওনা দেয়, বেলা ১১টার আগেই বিমানটি কোচি আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করে।কেরলজুড়ে এখন শুধুই শোকের আবহ। নিহতদের শ্রদ্ধা জানাতে বিমানবন্দরে এসেছেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। বিজেপি নেতা মুরলীধরন বলেছেন, ঘটনার পরই প্রধানমন্ত্রী একটি উচ্চপর্যায়ের বৈঠক ডেকেছিলেন। ভারত সরকারের অধীনে দেশবাসীর স্বার্থ সুরক্ষিত। কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ গোপী বলেছেন, খুবই বেদনাদায়ক ঘটনা।এটিপ্রাথমিক ভাবে জানা গিয়েছে, নিহত ভারতীয় শ্রমিকদের মধ্যে অধিকাংশই কেরল এবং দক্ষিণ ভারতের অন্য রাজ্যগুলির বাসিন্দা। তাই বিমান প্রথমে কোচি বিমানবন্দরে অবতরণ করেছে। যে সকল নিহত শ্রমিকের বাড়ি উত্তর এবং পূর্ব ভারতের রাজ্যগুলিতে, তাঁদের দেহ নিয়ে দিল্লির উদ্দেশে রওনা দেবে বিমানটি। বিমানবন্দরেই রাখা থাকছে শববাহী অ্যাম্বুল্যান্স

উত্তরে প্রবল বৃষ্টির সতর্কতা ! তাপপ্রবাহ পিছু ছাড়ছে না দক্ষিণবঙ্গের

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ উত্তরবঙ্গে ভাসছে। দক্ষিণবঙ্গ তেতেপুড়ে জ্বলছে। একই রাজ্যের দুই ছবি দেখে হা-হুতাশ হওয়ারই কথা। বিগত কয়েকদিন ধরে লাগাতার বৃষ্টি হচ্ছে উত্তরের একাধিক জেলায়। সেখানে কার্যত ভয়ঙ্কর পরিস্থিতি তৈরি হয়েছে। তবে আজ থেকে আগামী সাতদিন অর্থাৎ ১৪-২০ জুন এই সপ্তাহে তাপমাত্রা স্বাভাবিকের ২ থেকে ৩ ডিগ্রির উপরে থাকবে। স্বাভাবিকের তুলনায় বৃষ্টি কম হবে দক্ষিণবঙ্গে। পরবর্তী সাতদিন অর্থাৎ ২১ থেকে ২৭ জুন তাপমাত্রা সামান্য কমলেও বৃষ্টির পরিমাণ বাড়বে। এই পরিস্থিতিকে বর্ষার আগমনী বলছেন আবহাওয়াবিদরা। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দত্ত জানান, উত্তরবঙ্গে প্রবল বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। বিশেষ করে উপরের পাঁচ জেলা দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহারে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। সেইসঙ্গে দমকা ও ঝোড়ো বাতাসের সম্ভাবনা থাকছে। পাহাড়ে প্রবল বৃষ্টি ও দুর্যোগ আপাতত চলবে। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সঙ্গে দমকা ঝোড়ো বাতাস বইবে মালদা ও দক্ষিণ দিনাজপুরেও।উল্টো ছবি দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলোতে। তাপপ্রবাহের সতর্কতা ও পরিস্থিতি থাকবে আজ এবং আগামীকাল । এই দুইদিন চরম তাপপ্রবাহের পরিস্থিতি এবং তাপপ্রবাহের সতর্কতা থাকবে পুরুলিয়া, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর জেলায় । তাপপ্রবাহের পরিস্থিতি থাকবে ঝাড়গ্রাম ও বাঁকুড়াতে। গরম ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে হুগলি, পূর্ব বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদে। বাকি জেলাতেও গরম ও অস্বস্তিকর আবহাওয়া জারি থাকছে। গত বৃহস্পতিবার কলকাতা এবং আশপাশের অঞ্চলে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে সামান্য বেশি। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে সামান্য বেশি। শুক্রবার দিনের আকাশ আংশিক মেঘলা।

৬ জানুয়ারি দাঙ্গার পর প্রথমবার ক্যাপিটল হিলে এলেন ট্রাম্প

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ তিন বছর আগের দাঙ্গার পর প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন ক্যাপিটল হিলে ফিরলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রিপাবলিক নেতাদের সঙ্গে সাক্ষা করতে সেখানে এসেছেন তিনি।আসছে নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকানদের সম্ভাব্য মনোনীত এই প্রার্থী ক্যাপিটল হিলে এসে ঐক্যের বার্তা দিয়েছেন। তিনি দলে দীর্ঘস্থায়ী কোনো বিভেদ না রেখে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন। ক্যাপিটল হিলে রিপাবলিক নেতাদের সঙ্গে দেখা করার পরে যুক্তরাষ্ট্রের সাবেক এই প্রেসিডেন্ট একটি সংগঠনের ২০০ করপোরেট নেতার সঙ্গে সাক্ষা করেন। এক বিবৃতিতে সাবেক ডেমোক্রেটিক হাউস স্পিকার ন্যান্সি পেলোসি ট্রাম্পকে উদ্দেশ করে বলেছেন, 'বিদ্রোহের উসকানিদাতা...অপরাধ সংঘটনস্থলে ফিরে আসছেন।' নিউইয়র্কের একটি আদালতে ব্যবসায়িক নথিপত্রে তথ্য গোপনের অভিযোগে করা মামলায় দোষী সাব্যস্ত হন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরপর তিনি এই সফর করলেন। যুক্তরাষ্ট্রে গত বৃহস্পতিবার সকালে ক্যাপিটল হিল ভবনের কাছে রিপাবলিকান দলের কার্যালয়ে ট্রাম্প পৌঁছান। সেখানে বিক্ষোভকারীরা বিক্ষোভ করেন। তাঁরা ' ব্যর্থ অভ্যুত্থান', ' গণতন্ত্র সব সময়, ট্রাম্প কখনোই নয়' স্লোগান দিতে দিতে বিক্ষোভ করেন।গত বৃহস্পতিবার বিকেলে এক সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেন, দলে বড় ধরনের ঐক্য রয়েছে। তাঁর সঙ্গে মতের মিল না হলেও অনুসারী রিপাবলিকানদের পাশে থাকার প্রত্যয় জানান ট্রাম্প। ট্রাম্প এ সময় কোনো প্রশ্নের উত্তর দেননি। তিনি সমর্থকদের উদ্দেশে হাত নাড়েন। সমর্থকেরা এ সময় চিৎকার করে ট্রাম্পকে তাঁদের ভালোবাসা জানান। ট্রাম্পও তাঁদের ধন্যবাদ জানান।এর আগের দিন ট্রাম্প ও হাউস রিপাবলিকানদের মধ্যে বৈঠক হয়েছে। হাউস স্পিকার মাইক জনসন বলেছেন, সাবেক এই প্রেসিডেন্ট সেদিন প্রচুর শক্তি ও উৎসাহ নিয়ে এসেছেন। যুক্তরাষ্ট্রের ক্যাপিটল হিলে ২০২১ সালের ৬ জানুয়ারি হামলা চালায় দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উগ্র সমর্থকেরা। ফেসবুক-টুইটারের মতো সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাম্পের উসকানিমূলক পোস্ট থেকে ছড়িয়ে পড়ে সেই সহিংসতা।

মন্ত্রী বঙ্কিম হাজরার গঙ্গাসাগরের অফিসে আগুন, পুড়ে ছাই কম্পিউটার ও নথিপত্র

গঙ্গাসাগর, ১৪ জুন ঃ দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে সুন্দরবন উন্নয়নমন্ত্রী বঙ্কিমচঃদ্র হাজরার পার্টি অফিসে অগ্নিকাণ্ড । শুক্রবার সকালে পার্টি অফিস থেকে ধোঁয়া বেরোতে দেখা যায়। খবর যায় দমকলে। দমকলের একটি ইঞ্জিন বেশ কিছু ক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।গঙ্গাসাগরের রুদ্রনগরে দলীয় কার্যালয় রয়েছে মন্ত্রী বঙ্কিমের। শুক্রবার সকাল ৯.৩০ মিনিট নাগাদ আচমকাই পার্টি অফিস থেকে ধোঁয়া বেরোতে দেখেন স্থানীয়রা। সেই সময় পার্টি অফিস বন্ধ ছিল। আগুন লাগার খবর পেয়ে দমকল চলে আসে। বেশ কিছু ক্ষণের চেষ্টায় পার্টি অফিসের আগুন নেভাতে সক্ষম হয়।আগুনের জেরে পার্টি অফিসে রাখা কম্পিউটার সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গিয়েছে। পুড়ে গিয়েছে বেশ কিছু নথিপত্রও। তবে ঠিক কত ক্ষয়ক্ষতি হয়েছে তা স্পষ্ট নয়।

ভয়াবহ দাবানল আলমোরার অরণ্যে, নিহত ৪ বনকর্মী

আলমোরা, ১৪ জুন ঃ শুক্রবারও জ্বলছে উত্তরাখণ্ডের আলমোরার জঙ্গল। ভয়াবহ দাবানল নেভাতে ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টার মোতায়েন করা হয়েছে।উল্লেখ্য, গত বৃহস্পতিবার ভয়াবহ দাবানলে পুড়ে ছাই হয়ে যায় উত্তরাখণ্ডের আলমোরার জঙ্গলের একাংশ। আলমোরার বিনসার অভয়ারণ্যে বিধ্বংসী অগ্নিকাণ্ডে গত বৃহস্পতিবার তিনজন বন বিভাগের কর্মী-সহ ৪ জনের মৃত্যু হয়েছে এবং আরও ৪ জন গুরুতর জখম হয়েছেন বলে জানা গেছে। আগুন নেভানোর জন্য ৮ সদস্যের দল ওই অভয়ারণ্যে পৌঁছানোর পর এই বিপত্তি ঘটে। তীব্র হাওয়ার দাপটে আগুনের শিখা দ্রুত ছড়িয়ে পড়ে। আহতদের বিমানে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি এই ঘটনায় গভীর শোক ব্যক্ত করেছেন। তিনি মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা করবেন বলেও জানিয়েছেন।

কেজরির জামিন-আর্জির শুনানি ১৯ জুন, এএপি প্রধানের আরও এক আবেদন আদালতে

নয়াদিল্লি, ১৪ জুন ঃ দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (এএপি)-র প্রধান অরবিন্দ কেজরিওয়ালের জামিন-আর্জির শুনানি হবে আগামী ১৯ জুন। ওই দিন এএপি প্রধানকে পেশ করা হবে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে। আদালতে আরও একটি আবেদন জানিয়েছেন কেজরিওয়াল, সেই আবেদনের প্রেক্ষিতে তিহার জেল কর্তৃপক্ষের জবাব চেয়েছে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। কেজরিওয়াল আবেদন জানিয়েছে, তাঁর স্বাস্থ্য পরীক্ষা চলাকালীন মেডিকেল বোর্ডের সামনে তাঁর স্ত্রীকে যাতে ভিডিও কনফারেন্সের (ভিসি) মাধ্যমে উপস্থিত থাকার অনুমতি দেওয়া হয়। এরই প্রেক্ষিতে রাউজ অ্যাভিনিউ আদালত শুক্রবার তিহার জেল কর্তৃপক্ষের কাছে প্রতিক্রিয়া চেয়েছে। এ বিষয়ে শুনানি হবে শনিবার।

বেসরকারি বাসে আগুন

পুণে, ১৪ জুন ঃ মহারাষ্ট্রের পুণেতে আগুন লাগল একটি বেসরকারি বাসে। শুক্রবার পুণের নাসিক ফাটার কাছে একটি বেসরকারি বাসে আগুন ধরে যায়, মুহূর্তের মধ্যেই গোটা বাসটি আগুনের গ্রাসে চলে যায়। ঘটনাস্থলে আসে দমকল, দীর্ঘ চেষ্টার পর আগুন আয়ত্তে এসেছে। দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার পুণের পিম্পরি চিঞ্চওয়াড় এলাকায় নাসিক ক্রসরোডের কাছে একটি বেসরকারি বাসে আগুন ধরে যায়। আগুনের গ্রাসে বাসটি পুড়ে গিয়েছে। এই ঘটনায় কোনও হতাহতের খবর নেই। ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনে।

IIFL FINANCE
CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654
E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড ("IIFL") সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির সর্বজনীন নিলাম **18-06-2024 তারিখে দুপুর 3টে থেকে বিকাল 5টার মধ্যে ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড**-এর মাধ্যমে তাদের অনলাইন নিলাম প্ল্যাটফর্ম **https://egold.auctiontiger.net**-এ অনলাইনে পরিচালিত হবে। [illegible]

শাখার নাম: কনটাই-এন.এস. রোড জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: এগরা-পূর্বমেদিনীপুর জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: মেচেদা-জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: মেদিনীপুর-চণ্ডীপুর জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: মেদিনীপুর-পাঁশকুড়া । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: নন্দীগ্রাম-বাইপাস রোড জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: পূর্ব মেদিনীপুর-হলদিয়া জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: রামনগর-তালগাছড়ি জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible] GL30771845, GL32751805.

শাখার নাম: তমলুক-মানিকতলা জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

শাখার নাম: ময়না-গরসাফত জিএল । গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: [illegible]

ই-অকশন ''যেখানে যেরকমভাবে আছে'', ''যেমতাবস্থায় আছে'' এবং ''যা আছে'' ভিত্তিতে পরিচালনা করা হবে [illegible] হচ্ছে, যদি থাকে।

বিস্তারিত তথ্য ও শর্তাবলীর জন্য আইআইএফএল ফাইন্যান্স লিমিটেডের সংশ্লিষ্ট শাখা অফিসে যোগাযোগ করুন।

তারিখ: 15.06.2024
স্থান: পূর্ব মেদিনীপুর

Sd/
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil/H.Q.), KMC invites online percentage rate tender in two bid system for the following works:

(1) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/006/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Installation of aluminium fixed partition, door & sliding window with other allied works for installation of AC at Lighting Department Z-II Office, HUDCO Building 8th Floor.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 3,53,434.00.** Earnest money: **₹ 7,100.00.** Period of completion: **15 days.**

(2) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/007/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Installation of aluminium fixed partition, sliding window, door & wooden fixed partition with other allied works for installation of AC at MM Court, HUDCO Building 5th Floor.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 4,98,401.00.** Earnest money: **₹ 10,000.00.** Period of completion: **15 days.**

(3) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/008/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Renovation of Dy. CMFA Cell at Room No. 224 & making wooden table with other related civil works at second floor of C.M.O. Buildings.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 3,54,128.00.** Earnest money: **₹ 7,100.00.** Period of completion: **14 days.**

(4) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/009/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Making wooden door and windows with related works at ANTE Chamber of Municipal Commissioner at 1st floor of C.M.O. Buildings.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 3,51,930.00.** Earnest money: **₹ 7,100.00.** Period of completion: **14 days.**

(5) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/002/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Annual civil maintenance work at I.U.M. Building and Guest House at 36C, Ballygunge Circular Road in the financial year of 2024-2025.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 2,99,252.00.** Earnest money: **₹ 6,000.00.** Period of completion: **365 days.**

(6) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/003/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Providing ceramic tiles on floor of Press Department with necessary civil works at ground floor of C.M.O. Buildings.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 2,88,282.00.** Earnest money: **₹ 5,800.00.** Period of completion: **15 days.**

(7) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/004/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Making computer table, wooden cabinets with necessary civil works for telephone section at Room No. 112 under MPL Secretary Department at first floor of C.M.O. Buildings.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 2,47,046.00.** Earnest money: **₹ 5,000.00.** Period of completion: **15 days.**

(8) NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/005/2024-25, Dated - 13/06/2024
Name of the work: **Repairing of record rooms of MAT at different floors of HUDCO Building.** Estimated cost (including G.S.T. & L.W.C.): **₹ 1,50,059.00.** Earnest money: **₹ 3,100.00.** Period of completion: **10 days.** Last date and time of submission of bid: **26.06.2024 at 11 a.m. (For Sl. No. 1 to 8).** The bid forms and other details are available on and from **18.06.2024 (5 p.m.) (For Sl. No. 1 to 8).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 8).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-III, KMC invites tender online, two part bid system for the following works:

(1) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/18
Name of the work: **Urgent restoration of street lighting system damaged due to storm on 27.05.2024 at Alipore Road, Durgapore Lane & others in Ward No.-74.** Estimated amount: **₹ 2,91,853.64.** Earnest money: **₹ 6,000.00.** Period of completion: **10 days.**

(2) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/19
Name of the work: **Urgent restoration of street lighting system damaged due to storm on 27.05.2024 at Ladies Park, Tiwari Para & others in Ward No.-82.** Estimated amount: **₹ 1,57,572.12.** Earnest money: **₹ 3,200.00.** Period of completion: **10 days.**

(3) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/20
Name of the work: **Engagement of electrical night gang for emergency breakdown/disaster prepardness of lighting system for avoid any type of accident and public safety under Borough-IX.** Estimated amount: **₹ 2,97,892.79.** Earnest money: **₹ 6,000.00.** Period of completion: **214 days.**

(4) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/22
Name of the work: **Installation of new electrical wiring & electrical accessories of newly constructed staff rest room within the Soloana Burial Ground in Ward No.-78.** Estimated amount: **₹ 1,92,610.03.** Earnest money: **₹ 4,000.00.** Period of completion: **30 days.** Last date and time of completion of bid: **24.06.2024 up to 2 p.m. (For Sl. No. 1 to 4).** Tender (Technical) opening date: **24.06.2024 at 4 p.m. (For Sl. No. 1 to 4).** The bid forms and other details are available on and from **14.06.2024 from 2 p.m. (For Sl. No. 1 to 4).** For full and further details, please visit the website **https://etender.wb.nic.in**. Please keep watching on the above website for further addendum/corrigendum, pre-bid clarifications, if any, which will be published in above website only. **(For Sl. No. 1 to 4).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-V, BR-XIII, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/LTGV/119/24-25/SNR/OM (1st Call)
Name of the work: **Operation and maintenance of electrical installation at S. N. Roy Market in Ward No.-119.** Estimated amount: **₹ 3,46,420.41.** Earnest money: **₹ 6,940.00.** Period of completion: **365 days.** Last date & time for submission of bid: **25.06.2024 (4 p.m.).**

(2) NIT No. : KMC/LTGV/XIII/24-25/NG (1st Call)
Name of the work: **Engagement of electrical night gang for emergency breakdown/disaster preparedness of lighting system to avoid any type of accident and public safety under Borough-XIII.** Estimated amount: **₹ 2,99,909.38.** Earnest money: **₹ 6,000.00.** Period of completion: **214 days.** Last date & time for submission of bid: **28.06.2024 (4 p.m.).** The bid forms and other details are available on & from **14.06.2024 (4 p.m.) (For Sl. No. 1 & 2).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-II, BR-IV, KMC invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/LTG/13/COM/IV/ZII/24-25
Name of the work: **Engagement of electrical night gang for emergency breakdown restoration/disaster preparedness of lighting system to avoid any type of accident under BR-IV.** Estimated amount: **₹ 2,99,909.00.** Earnest money: **₹ 6,000.00.** Period of completion: **214 days.** Last date and time for submission of bid (online): **25.06.2024 up to 2 p.m.** The bid forms and other details are available on and from **15.06.2024 (2 p.m.)** from the website: **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-I, BR-I, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/LTG/Z1/BR1/WD9/1/24-25
Name of the work: **Supply and delivery of LED fittings in place of old fittings at Sovabazar Street, Harachandra Mallick Street and other places in Ward No.-09.** Estimated amount: **₹ 4,98,605.00.** Earnest money: **₹ 10,000.00.** Period of completion: **7 days.**

(2) NIT No. : KMC/LG/Z1/B1/INS/WD2/29/23-24
Name of the work: **Operation and maintenance of one no. 40 KVA D.G set at Utsav Bhavan Community Hall (34, H. K. Seth Lane) in Ward No.-02 under BR-I.** Estimated amount: **₹ 1,83,360.00.** Earnest money: **₹ 4,000.00.** Period of completion: **366 days.** Last date & time of submission of bid: **25.06.2024 at 1.15 p.m. (For Sl. No. 1 & 2).**

(3) NIT No. : KMC/LTG/Z1/B1/COM/INS/1/24-25
Name of the work: **Operation and maintenance of elec. installation at different institutions like Community Halls, Labour Quarters, Night Shelters etc. under Borough-I.** Estimated amount: **₹ 3,95,004.00.** Earnest money: **₹ 8,000.00.** Time of completion: **184 days.**

(4) NIT No. : KMC/LTG/Z1/B1/COM/04/24-25
Name of the work: **Engagement of electrical night gang for emergency breakdown/disaster preparedness of lighting system to avoid any type of accident and public safety under Borough-I.** Estimated amount: **₹ 2,97,893.00.** Earnest money: **₹ 6,000.00.** Time of completion: **214 days.**

(5) NIT No. : KMC/LTG/Z1/B1/INS/W6/26/23-24
Name of the work: **Operation and maintenance of one no. 40 KVA D.G set at Borough-1 Office (10, B. T. Road) in Ward No.-06 under BR-I.** Estimated amount: **₹ 1,83,360.00.** Earnest money: **₹ 4,000.00.** Time of completion: **366 days.** Last date and time of bid submission: **25.06.2024 at 1.30 p.m. (For Sl. No. 3 to 5).** The bid forms and other details are available on and from **15.06.2024 at 5 p.m. (For Sl. No. 1 to 5).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 5).**

(56/24-25)

সমুদ্রে পাড়ি দিতে চলেছেন মৎস্যজীবীরা

দুরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগনা, ১৪ জুন ঃ কথায় আছে মাছে ভাতে বাঙালি । আর এই ভোজন রসিক বাঙালির রসনা তৃপ্তিতে ইলিশের জুড়ি মেলা ভার। বর্ষা মানেই ইলিশ আর ইলিশের বিভিন্ন পদ । অপেক্ষা শেষ , এবার মৎস্য রাণীকে জাল বন্দি করতে মাঝ সমুদ্রে পাড়ি দেবেন মৎস্যজীবীরা। দক্ষিণ ২৪ পরগনার উপকূল তীরবর্তী এলাকাগুলির বন্দর গুলিতে তাই সাজো সাজো রব শেষ মহুর্তে । ডায়মণ্ড হারবার, কুলপি, ফলতা, কাকদ্বীপ, নামখানা, বকখালি, পাথরপ্রতিমা ও রায়দিঘির বিভিন্ন বন্দরগুলোতে এখন চরম ব্যস্ততা । শেষ বেলাতে নাওয়া-খাওয়া ভুলে মৎস্যজীবীরা ব্যস্ত নিজেদের মাছ ধরার সরঞ্জাম গোছাতে । কোথাও বা ট্রলারে মজুত করা হচ্ছে বরফ কোথাও বা মজুত করা হচ্ছে প্রয়োজনীয় সামগ্রী। কার্যত শেষ বেলার সবরকম প্রস্তুতি সেরে নিচ্ছেন মৎস্যজীবীরা। মৎস্য দপ্তরের নিয়ম অনুযায়ী ১৫ এপ্রিল থেকে ১৫ জুন এই দু'মাস সময় পর্যন্ত মাছের প্রজননের জন্য গভীর সমুদ্রে মাছ ধরায় নিষেধাজ্ঞা জারি থাকে । সরকারি নিষেধাজ্ঞা উঠে যাওয়ার পর ১৫ জুন থেকে আবার মাঝ সমুদ্রে মাছ ধরতে যেতে পারেন মৎস্যজীবীরা । তাই এখন চলছে শেষ বেলার প্রস্তুতি । এই বিষয়ে ট্রলার মালিক মধুসূদন মিস্ত্রি তিনি বলেন, প্রস্তুতির কাজ পুরোপুরি সম্পন্ন এবার শুধু সময়ের অপেক্ষা সরকারিভাবে নিষেধাজ্ঞা উঠে যাওয়ার পরেই রুপোলি শস্যের খোঁজে পাড়ি দেবেন গভীর সমুদ্রে। এবছর আবহাওয়া পূর্বাভাস অনুযায়ী বোঝা যাচ্ছে এবছর ভালো পরিমাণে ইলিশ হবে। ইলিশ হলে যেমন বাঙালীর পাতে ইলিশের জোগান মিটবে তেমনি লাভের মুখ দেখবেন মৎস্যজীবীরা। প্রশাসনের নিগ্রহের শিকার হতে হয় প্রায় সময় । মৎস্যজীবীদের প্রশাসনের নিগ্রহের অভিযোগ তুলে সরব হন এক মৎস্যজীবী প্রফুল্ল বর নামে এক মৎস্যজীবী । তিনি বলেন, তাদের কাছে বৈধ কাগজপত্র থাকা সত্বেও গভীর সমুদ্রে প্রায় সময় প্রশাসনের আধিকারিকদের কাছে নিগ্রহ হতে হয়। প্রশাসনের তরফ থেকে সমস্ত প্রক্রিয়া শিথিল করলে খুবই উপকার হয় মৎস্যজীবীদের। রতন খাড়া নামে এক ট্রলারের মাঝি জানান, প্রস্তুতি প্রায় শেষ । পূবালী বাতাস ইলিশের অনুকূল আবহাওয়া আর সঙ্গে ঝিরি ঝিরি বৃষ্টি। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী এ বছর বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে । কিন্তু বাতাস যদি অনুকূলে হয় তাহলে প্রচুর পরিমাণে ইলিশ হবে। ইতিমধ্যে গভীর সমুদ্রে মস্যজীবীদের রক্ষা করতে সমস্ত ব্যবস্থা নিয়েছে প্রশাসন। প্রশাসনের তরফ থেকে বিপদ সংকেত যন্ত্র ও প্রতিটি ট্রলারে লাইভ জ্যাকেট বাধ্যতামূলক করা হয়েছে। গভীর সমুদ্রে যদি কোন মৎস্যজীবী কোনরকম বিপদে পড়েন তাহলে বিপদ সংকেত যন্ত্রের মাধ্যমে সিগন্যাল দিলে বিপদগ্রস্ত ট্রলারের অবস্থান জানা যাবে এবং দ্রুততার সাথে সাহায্য পৌঁছে যাবে। আগের থেকে আধুনিক পদ্ধতিতে আগেভাগেই আগাম বিপদের সংকেত জানিয়ে দিচ্ছে মৎস্য দপ্তর এর ফলে অনেকটাই সুবিধা হয়েছে মৎস্যজীবীদের। জেলার-সহ মৎস্য আধিকারিক (সামুদ্রিক) সুরজিত কুমার বাগ জানান, ইতিমধ্যেই মৎস্যজীবীদের গভীর সমুদ্রে যাওয়ার জন্য অনুমতি দেওয়ার কাজ শুরু হয়ে গেছে । সরকারি নিষেধাজ্ঞা মেনেই মৎস্যজীবীরা গভীর সমুদ্রে মাছ ধরতে যাবেন । তবে ইলিশ ধরার জালের ফাঁস ৯০ মিলিমিটার হতে হবে । ২৩ সেন্টিমিটারের ছোট মাছ ধরা যাবে না । গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়া মৎস্যজীবীদের পর্যাপ্ত লাইফ জ্যাকেট, লক বুক, জিপিআরএস ডিভাইস নিয়ে যাওয়া বাধ্যতামূলক। ১৫ তারিখের আগে কোনও মৎস্যজীবী গভীর সমুদ্রে মাছ ধরতে বেরোচ্ছে কিনা তা খতিয়ে দেখতে মৎস্য দফতরের পক্ষ থেকে বিভিন্ন বন্দরগুলোতে নজরদারি চালানো হয়েছে । দক্ষিণ ২৪ পরগনা জেলা জুড়ে এ বছর প্রায় ৩০০০ ট্রলার যাত্রা করবে। সঠিক সময় যদি রাজ্যে বর্ষা প্রবেশ করে তাহলে ইলিশের সম্ভাবনা প্রবল । আমরা আশা করি এই বছর ভাল ইলিশ ধরতে পারবেন মৎস্যজীবীরা । মৎস্য দফতরের পক্ষ থেকে সকল মৎস্যজীবীদের শুভেচ্ছাও জানান তিনি।

উন্নত পরিষেবার লক্ষ্যে হোয়াটসঅ্যাপ চ্যাটবট চালু পঞ্চায়েত দফতরের

দুরন্ত বার্তা, মালদা, ১৪ জুনঃ প্রশাসনিক নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে একদিকে জেসিবি দিয়ে দেদারে মাটিকাটা অন্যদিকে সেই মাটি দিয়ে পুকুর ভরাট। সংবাদ মাধ্যমের কাছে খবর শুনে টনক নড়লো প্রশাসনের। নেয়া হলো পদক্ষেপ। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের ভিঙ্গলে প্রকাশ্য দিবালোকে চাষের জমি থেকে চলছিল দেদারে মাটি কাটার কাজ। কোথা মাটি কাটা হচ্ছিল ৮ থেকে ৯ ফুট। কোথাও আবার ১২ থেকে ১৪ ফুট। কিন্তু প্রশাসনিক নিয়ম অনুযায়ী ডিসিআর কাটা থাকলেও দুই ফুটের বেশি মাটি কাটা যাবে না। আবার সেই মাটি দিয়ে ভরাট হচ্ছিল এলাকারই একটি পুকুর। যেটা সম্পূর্ণ ভাবে অবৈধ। সংবাদ মাধ্যমের ক্যামেরা দেখেই মাটি কাটার সঙ্গে যিনি যুক্ত তিনি যুক্তিসঙ্গত কোন উত্তরই দিতে পারেন নি। শুধু তিনি দাবি করেন তার মাটি কাটার অনুমতি নেয়া আছে। কিন্তু কিভাবে এত সাহস পাচ্ছে মাটি মাফিয়ারা। পেছনে কাদের হাত থাকছে। এই নিয়েই উঠেছে প্রশ্ন? এদিকে সংবাদ মাধ্যমের কাছ থেকে জানতে পারার পরেই ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের পক্ষ থেকে পদক্ষেপ নেওয়া হয়। এই মুহূর্তে বন্ধ রয়েছে মাটি কাটা এবং পুকুর ভরাট। যারা যুক্ত তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশকে জানিয়েছে ভূমি সংস্কার দপ্তর। যদি হরিশ্চন্দ্রপুর এলাকায় এই প্রথম নয়। এর আগে শ্মশানের জমির মাটি কেটে লক্ষ লক্ষ টাকায় বিক্রির অভিযোগ উঠেছিল। যা নিয়ে আন্দোলনে নেমে ছিলেন স্থানীয়রা।এবার এই ভাবে মাটি কাটা এবং ভরাটের অভিযোগ।মাটি কাটার সঙ্গে যুক্ত চঞ্চল রক্ষিত বলেন, মাটি কাটার অনুমতি নেয়া আছে। ৫ ফিট অনুমতি আছে। যদি ভরাটের ব্যাপারে জিজ্ঞাসা করা হলে কোন সদুত্তর দেননি। সম্পূর্ণ বিষয় এড়িয়ে যেতে চেয়েছেন। হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক ভিক্টর সাহা জানান, অনুমতি থাকলেও দুই ফিটের অনুমতি থাকবে। আর পুকুর ভরাট তো সম্পূর্ণ অবৈধ। ইতিমধ্যেই আমি সেখানে লোক পাঠিয়েছি তদন্ত করার জন্য। নিয়ম অনুযায়ী কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

ছাত্রকে বাগে আনতে বেগ পেতে হয় পরিবারকে,শেষে বাঁধা পড়ল শিকলে

দুরন্ত বার্তা, হুগলি, ১৪ জুন ঃ টিউশন পড়ে বাড়ি ফিরতেই তুমুল চিৎকার। গোটা বাড়ি দাপিয়ে বেড়াতে থাকে। ক্লাস টেনের ওই ছাত্রকে বাগে আনতে গিয়ে রীতিমতো বেগ পেতে হয় বাড়ির লোকজনকে। শেষে বাঁধা পড়ল শিকলে। পরিবারের সদস্যদের সন্দেহ ভূতে ধরেছে তাঁদের ছেলেকে। খবর গেল ওঝার কাছে। ওঝার থেকে আনা হল জল পড়া, দেওয়া হল মাদুলি। কিন্তু, অবস্থার পরিবর্তন কোথায়। শেষে এলেন ডাক্তার। কিন্তু, শিকল বাঁধার খবর চাউর হতেই ব্যাপক শোরগোল পড়ে যায় এলাকায়। ছুটে আসে বিজ্ঞান মঞ্চের লোকজনও। এল পুলিশ। চাঞ্চল্যকর ঘটনা চুঁচুড়ার কেওটার হেমন্ত বসু কলোনীতে। কিশোরের বাবা কার্তিক মালাকার জানান, ‘‘প্রাইভেট পড়তে গিয়েছিল সেদিন। পড়ে বাড়িতে ফিরে চেঁচামেচি শুরু করে। আমরা তাঁকে কিছুতেই ধরে রাখতে পারছিলাম না। হাত পা চালাতে থাকে। তখনই আমরা শিকল দিয়ে বেঁধে রাখা সিদ্ধান্ত নিই। অনেকে বলতে থাকে ভূতে ধরেছে। ওঝা ডাকার কথাও বলে। আমরা পূর্ব বর্ধমানের বড়শূলে ওঝার বাড়িও যাই। জল পড়া ও মাদুলি করা হয়। যদিও তাতে বিশেষ কাজ হয়নি। তারপরই ডাক্তার দেখাই।

সবুজ বাজির কারখানা রাজ্যে

কলকাতা, ১৪ জুন ঃ রাজ্য সরকার সবুজ বাজির ক্লাস্টার তৈরির জন্য এখনও পর্যন্ত ৪০ একর জমি চিহ্নিত করেছে। সাতটি জেলায় চিহ্নিত এই জমির মধ্যে দক্ষিন চব্বিশ পরগনায় সবচেয়ে বেশি ১৬ একর জমি চিহ্নিত করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই সব জমিতে বাজি প্রস্তুতকারী ইউনিটের পাশাপাশি বিক্রয় ইউনিট তৈরির পরিকল্পনাও করা হয়েছে। অন্যদিকে কোন ব্যবসায়ী সবুজ বাজির জন্য জমি কিনে কারখানা তৈরি করতে চান তবে সরকারের তরফে তাকে তিন কিস্তিতে প্রকল্পের মোট খরচের ৯০ শতাংশ টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তরের বড় সাফল্য

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৪ জুনঃ কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তরের বড় সাফল্য। ডিআরআই এর কাছে গোপন সূত্রে খবর আসে। ১২ তারিখ রাতে বাংলাদেশ থেকে অবৈধভাবে সোনা রপ্তানি হয়ে ইসলামপুরে ঢুকেছে। সেই সোনাগুলো এক ব্যক্তি বাসে করে নিয়ে যাবে তমলুকে। সেই সূত্রে শিলিগুড়ি DRI এর একটি টিম ইসলামপুরে যায়। সেখানে চলতি বাস থামিয়ে এক ব্যক্তিকে তল্লাশি চালানো হয়। তার কোমরে একটি স্পেশাল পকেট বেল্টের মধ্যে পাওয়া যায় তিনটি গোল্ডের বার। যার ওজন তিন কেজি ৬৬০ গ্রাম। প্রত্যেকটা শোনার উপর বিদেশী মোহরের চিহ্ন রয়েছে। তার কাছে কোন বৈধ কাগজপত্র না থাকায়। ঘটনাস্থলেই সুরজ শিবাজী পাওযার (১৯) মহারাষ্ট্রের বাসিন্দা গ্রেফতার করা হয়। এরপর সেই ব্যক্তিকে নিযে.আসা হয.শিলিগুড়ি DRI অফিসে। ১৩ তারিখ জিজ্ঞাসাবাদ করে ডিআরআই টিম জানতে পারেন ভিম সুভাষ বিভুতি (৪৩) সোনা গুলো দিযেছে। যার বাড়ি রামকৃষ্ণ পল্লী ইসলামপুর বাসিন্দা। সেদিন কেন্দ্র বাহিনীর সহযোগিতা নিয়ে অভিযান চালানো হয.ইসলামপুরের ভিম সুভাষ বিভুতি বাড়ি এবং দোকানে। এরপর বাড়িতে তল্লাশি চালানো হলে উদ্ধার হয. ৯৩২ গ্রামের ৮ পিস সোনার বিস্কিট এবং ৫৬৯ গ্রাম কাটপিস মেটাল। ৩৪ লক্ষ ৬৬ ৩০০ টাকা পাওযা যায। সবমিলিযে.প্রথম জনের কাছ থেকে শোনা উদ্ধার ওজন ৩কিলো ৬৬০ গ্রাম এবং দ্বিতীয.জনের কাছ থেকে উদ্ধারা হয় ৯৩২ গ্রাম বাড়িতে। এবং দোকানে ৫৬৯ গ্রাম সোনা উদ্ধার হয়। যার বাজার মূল্য তিন কোটি ৭১ লক্ষ ৪৯ হাজার ৮৬৯ টাকা। ৩৫ লক্ষ ৬৬ হাজার ৩০০ টাকা নগদ অর্থ পাওয়া গেছে। পাচারকারীদের মূল উদ্দেশ্য ছিল বাংলাদেশ হয়ে ইসলামপুর এবং সেখান থেকে তমলুক।

বাজে ব্যাবহার বিডিওর, অফিসে তালা ঝুলিয়ে দিলেন মহিলারা

জলপাইগুড়ি, ১৪ জুনঃ বিডিও অফিসে তালা ঝুলিয়ে বিক্ষোভ স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের। তাঁদের অভিযোগ জলপাইগুড়ি সদর ব্লকের বিডিও মিহির কর্মকার ভোটের ফল বেরোবার পর থেকে তাঁদের সাথে অভব্য আচরন করে যাচ্ছে। এবার ভোটে কিছু মহিলা বিজেপি জেতায় নাচানাচি করেছে। সেই খবর পেয়ে বিডিও নাকি ওই মহিলাদের তুই তোকারি করে কথা বলছেন। বাজে আচরণ করছেন। পাশাপাশি তাঁদের বিল পাশ করে দিচ্ছেন না। ইত্যাদি নানাবিধ অভিযোগ তুলে শুক্রবার বিকেলে জলপাইগুড়ি বিডিও অফিসের প্রধান গেটে তালা ঝুলিয়ে দিলেন জলপাইগুড়ি সদর ব্লকের ১৪ টি মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলাদের একাংশ। আর এর জেরে অফিস গেটে আটকে গেলেন খোদ জলপাইগুড়ি সদর পঞ্চায়েত সমিতির সভাপতি। গেটের বাইরে গাড়ি আটকে দেন মহিলারা।খবর পেয়ে ঘটনাস্থলে এসেছে জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। পরে মহিলাদের অফিসে ডেকে নিয়ে আলোচনা করেন বিডিও।

IIFL FINANCE

CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
• Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654 • E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড ("IIFL") সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির সর্বজনীন নিলাম **18-06-2024 তারিখে দুপুর 3টে থেকে বিকাল 5টার মধ্যে ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড**-এর মাধ্যমে তাদের অনলাইন নিলাম প্ল্যাটফর্ম **https://egold.auctiontiger.net**-এ অনলাইনে পরিচালিত হবে। [illegible]

[illegible]

ই-অকশন ‘‘যেখানে যেরকমভাবে আছে’’, ‘‘যেমতাবস্থায় আছে’’ এবং ‘‘যা আছে’’ ভিত্তিতে পরিচালনা করা হবে [illegible]

বিস্তারিত তথ্য ও শর্তাবলীর জন্য আইআইএফএল ফাইন্যান্স লিমিটেডের সংশ্লিষ্ট শাখা অফিসে যোগাযোগ করুন।

তারিখ: 15.06.2024
স্থান: হাওড়া

Sd/
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড

IIFL FINANCE

CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
• Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654 • E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড ("IIFL") সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির সর্বজনীন নিলাম **18-06-2024 তারিখে দুপুর 3টে থেকে বিকাল 5টার মধ্যে ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড**-এর মাধ্যমে তাদের অনলাইন নিলাম প্ল্যাটফর্ম **https://egold.auctiontiger.net**-এ অনলাইনে পরিচালিত হবে। স্থান বা তারিখের কোনোরকম পরিবর্তন (যদি থাকে) নিলাম কেন্দ্রেই প্রদর্শিত হবে। যদি কোনো কারণে এখানে উল্লিখিত তারিখে ই-নিলাম অনুষ্ঠিত হতে না পারে বা যদি নিলাম একই দিনে সম্পন্ন না হয়, তাহলে আইআইএফএল একই নিয়ম ও শর্তে নিলাম প্ল্যাটফর্ম এবং / অথবা সংশ্লিষ্ট জেলার মধ্যে সংশ্লিষ্ট তালুকগুলিতে উপস্থিত নিলাম কেন্দ্রে যে কোনও পরবর্তী তারিখে উল্লিখিত নিলাম পরিচালনা করার বা নিলামের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার অধিকার সংরক্ষণ করে। যে ব্যালেন্স আইটেমগুলি অবশিষ্ট ছিল সেগুলি নিলাম প্ল্যাটফর্ম এবং / অথবা নিলাম কেন্দ্রে উপস্থিত সংশ্লিষ্ট জেলার মধ্যে সংশ্লিষ্ট তালুকগুলিতে বিশদ বিবরণ প্রদর্শন করার পরে পরবর্তী কার্যদিবসে নিলাম করা হবে। গ্রাহক যদি জীবিত না থাকেন, সেক্ষেত্রে নিলাম সংক্রান্ত সমস্ত শর্ত মনোনীত / আইনগত উত্তরাধিকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

শাখার নাম: হুগলি-আরামবাগ। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL16222072, GL18102597, GL18345686, GL20433637, GL20685901, GL20701176, GL20757455, GL20771619, GL20809175, GL20820527, GL20894667, GL20897368, GL20904347, GL21806515, GL21814952, GL22897805, GL23289464, GL23368736, GL25611609, GL25626686, GL25636716, GL25652179, GL26192072, GL26194899, GL26242892, GL26262929, GL26280553, GL26326583, GL26326917, GL26374123, GL26376273, GL26376494, GL26378240, GL26390290, GL26390688, GL26390729, GL26391046, GL26408713, GL26416475, GL26427804, GL26428796, GL26432197, GL26433469, GL26444072, GL26448069, GL26451586, GL26453576, GL26453771, GL26455001, GL26456007, GL26484692, GL26488638, GL26493731, GL26494389, GL26494832, GL26506118, GL26507408, GL26508612, GL26508706, GL26517287, GL26523100, GL26537512, GL26543227, GL26553153, GL26572033, GL26575806, GL26581380, GL26586982, GL26592059, GL26602165, GL26604118, GL26605658, GL26607061, GL26609527, GL26628585, GL26630804, GL26638194, GL26639467, GL26640192, GL26662991, GL26679519, GL26691956, GL26693500, GL26706914, GL26708253, GL26718469, GL26719591, GL26720548, GL26722489, GL26733769, GL26734019, GL26734466, GL26736302, GL27636812, GL27638397, GL27894336, GL28003028, GL28348386, GL28354758, GL28443546, GL28651072, GL28697935, GL28723870, GL28735872, GL29690153, GL29763760, GL29789823, GL29968613, GL29983192, GL30030706, GL30054299, GL30357479, GL30454036, GL30518514, GL30521733, GL30555427, GL30615796, GL30620979, GL30635856, GL30659090, GL30745688, GL31258363, GL31761206, GL32106404, GL32709882, GL32791775, GL33253847, GL33584170.

শাখার নাম: হুগলি-বৈদ্যবাটি জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20804742, GL20814972, GL22012238, GL22760776, GL23246519, GL23375681, GL23996123, GL25685826, GL25707237, GL26051404, GL26163052, GL26172832, GL26314193, GL26335320, GL26445784, GL26455578, GL26521344, GL26529077, GL26529163, GL26530422, GL26543680, GL26545216, GL26617598, GL26645347, GL26665957, GL26675053, GL26690823, GL26708633, GL27802423, GL28539759, GL28581677, GL28824599, GL28986052, GL29001854, GL29156054, GL29175887, GL29260734, GL29277632, GL29494501, GL29499741, GL29507298, GL29523181, GL29754893, GL29771621, GL29990537, GL29996823, GL30007720, GL30007985, GL30220244, GL30246340, GL30310491, GL30320488, GL30434745, GL30466955, GL30526165, GL30542970, GL30606538, GL30611440, GL30628375, GL30649282, GL31819053.

শাখার নাম: হুগলি-ব্যান্ডেল স্ট্রিট রোড। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20912770, GL22696956, GL23070983, GL23903660, GL24075976, GL24835115, GL25337363, GL25355564, GL25399264, GL25408601, GL25791461, GL25812923, GL25826302, GL25849947, GL26355930, GL26363400, GL26368628, GL26382648, GL26392037, GL26392166, GL26414207, GL26421054, GL26436707, GL26454860, GL26566636, GL26574422, GL26717922, GL26718364, GL26718929, GL26724526, GL26730974, GL26733503, GL26733647, GL26736527, GL27347842, GL27767080, GL27772373, GL28187532, GL28400724, GL28621405, GL28640281, GL28653045, GL28667083, GL28802397, GL28815624, GL28864600, GL28864643, GL28883029, GL29108634, GL29127923, GL29408754, GL29425171, GL29529986, GL29546508, GL29653281, GL29661455, GL29951764, GL29959634, GL30325279, GL30358197, GL30459789, GL30525477, GL30542642, GL30550627, GL30669453, GL30685264, GL31409497, GL32128189, GL32137044, GL32560068, GL33080938, GL33081233.

শাখার নাম: হুগলি-চন্দন নগর। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20735288, GL20751817, GL20785128, GL20805245, GL20926736, GL21280793, GL22513310, GL22740462, GL22896815, GL23160068, GL23248618, GL24044334, GL24159770, GL24160227, GL24336857, GL24638619, GL24706550, GL24706567, GL25043551, GL25062138, GL25175706, GL25317861, GL25401246, GL25403477, GL25403618, GL25415519, GL25419810, GL25421395, GL25507700, GL25563779, GL25563836, GL25569556, GL25766097, GL25800105, GL25834589, GL25860388, GL25957395, GL25957973, GL26058236, GL26058344, GL26059553, GL26201374, GL26201422, GL26205752, GL26404414, GL26405531, GL26419696, GL26419940, GL26427517, GL26429343, GL26429661, GL26440790, GL26450881, GL26451469, GL26452287, GL26456501, GL26484570, GL26488306, GL26506080, GL26517205, GL26519201, GL26521150, GL26522998, GL26525895, GL26538778, GL26541910, GL26542806, GL26543204, GL26544736, GL26560086, GL26573600, GL26577863, GL26588146, GL26604040, GL26605435, GL26616126, GL26640159, GL26722440, GL26734437, GL26784777, GL26830598, GL26835103, GL27031095, GL27046731, GL27103861, GL27110489, GL27169548, GL27169552, GL27257771, GL27271174, GL27271247, GL27274996, GL27499349, GL27499418, GL27499594, GL27591131, GL27591288, GL27694591, GL27695882, GL27739456, GL27781165, GL27791419, GL27793545, GL27801045, GL27922550, GL27944268, GL27944336, GL27944473, GL27947994, GL28014271, GL28074038, GL28074075, GL28280836, GL28282851, GL28282912, GL28291505, GL28291540, GL28291882, GL28390877, GL28392864, GL28423785, GL28426054, GL28534295, GL28556412, GL28651387, GL28656732, GL28669984, GL28682969, GL28823959, GL28843391, GL28945974, GL29033769, GL29033929, GL29516989, GL29981861, GL30390959, GL30391271, GL30442208, GL30470707, GL30666574, GL30685219, GL30735557, GL30754793, GL30761743, GL30870814, GL32491874, GL32707232, GL33763508.

শাখার নাম: হুগলি-চুঁচুড়া জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20737271, GL20745649, GL20848451, GL20853698, GL20981855, GL21295359, GL22245846, GL22561867, GL22629792, GL22685807, GL22753461, GL22804864, GL25714111, GL25740567, GL25955453, GL26126787, GL26409591, GL26416895, GL26428615, GL26437213, GL26438358, GL26449885, GL26451973, GL26454523, GL26496161, GL26504687, GL26513456, GL26539355, GL26575617, GL26575655, GL26583559, GL26597280, GL26607810, GL26619497, GL26641760, GL26664013, GL26664549, GL26670115, GL26674308, GL26674516, GL26676657, GL26700592, GL26705152, GL26714936, GL26718114, GL26718407, GL26723183, GL26727314, GL26731838, GL26732698, GL26733441, GL26733526, GL26734585, GL27539536, GL27707835, GL27714317, GL27814544, GL27828239, GL27836468, GL27854045, GL27862510, GL27871432, GL27880527, GL27899530, GL27905160, GL27923434, GL27927257, GL27929539, GL28001444, GL28014009, GL28297328, GL28375368, GL28438696, GL28454738, GL28591200, GL28612189, GL28619868, GL28686200, GL28750897, GL28751438, GL28755743, GL28825894, GL28837984, GL28840979, GL28855734, GL28891572, GL28898147, GL28945192, GL29205861, GL29467995, GL29763634, GL30805942, GL32428278, GL32492726, GL32766880, GL33008387, GL33670611.

শাখার নাম: হুগলি-ডানকুনি জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20020001, GL20758877, GL20914128, GL21937748, GL22808230, GL23456119, GL24149079, GL24156860, GL24694568, GL24846863, GL25145783, GL25159704, GL25690687, GL25708236, GL25947418, GL25972526, GL26287809, GL26306220, GL26404214, GL26406071, GL26420866, GL26421825, GL26424673, GL26432408, GL26450324, GL26453575, GL26586035, GL26609093, GL26655278, GL26658958, GL26668029, GL26677531, GL26679593, GL26680458, GL26694624, GL26707157, GL26713653, GL26732226, GL27283573, GL27301135, GL27677296, GL27799925, GL27873765, GL28288816, GL28396277, GL28698410, GL28785965, GL28807853, GL28860199, GL28890129, GL29083839, GL29098559, GL29976975, GL29984043, GL30516359, GL30518263, GL30521577, GL30521643, GL30750174, GL30767426, GL30770660, GL30771723, GL30771986, GL32601530, GL33177927, GL33481619, GL33683953.

শাখার নাম: হুগলি-জে কে স্ট্রিট উত্তরপাড়া। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL22198121, GL23027645, GL23334989, GL23859209, GL23996227, GL25320245, GL25332716, GL25614752, GL25627312, GL26055336, GL26070416, GL26434777, GL26456396, GL26592631, GL26611289, GL26623172, GL26632713, GL26643030, GL26644484, GL26667835, GL26678027, GL26691739, GL26708026, GL26717838, GL26735306, GL26831429, GL26844120, GL27861555, GL27922195, GL28006732, GL28140738, GL28392319, GL28607755, GL28661492, GL29143626, GL29183457, GL29196006, GL29201098, GL29669699, GL29670056, GL30653600, GL30678068, GL32417591.

শাখার নাম: হুগলি-কোননগর। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20712586, GL20712609, GL20759691, GL20916176, GL20994920, GL21011119, GL22179520, GL22268350, GL22482385, GL23039358, GL23515670, GL23603022, GL23641640, GL23934470, GL24537842, GL25019106, GL25033136, GL25088796, GL25089774, GL25267223, GL25448488, GL25644677, GL26015147, GL26373796, GL26392445, GL26396858, GL26397133, GL26397422, GL26417531, GL26420527, GL26421776, GL26437942, GL26527919, GL26539593, GL26577800, GL26590123, GL26591120, GL26591856, GL26610150, GL26610609, GL26610670, GL26611287, GL26620207, GL26624693, GL26633412, GL26642115, GL26645423, GL26645944, GL26694371, GL26699085, GL26707113, GL26707440, GL26716248, GL26717188, GL26735169, GL26736829, GL26948582, GL27354138, GL27398537, GL27398949, GL27399507, GL27406454, GL27424707, GL27428656, GL27443238, GL27497018, GL27527514, GL27722374, GL27780507, GL27820908, GL27903960, GL27935580, GL27983777, GL27991917, GL28143923, GL28155367, GL28167577, GL28236378, GL28246474, GL28260898, GL28294237, GL28449476, GL28593702, GL28716684, GL28744290, GL28753311, GL28796269, GL28816886, GL28830623, GL28941445, GL28966781, GL28976195, GL29999395, GL30008002, GL30176820, GL30177198, GL30177511, GL30178406, GL30286314, GL30312757, GL30320441, GL30390380, GL30477726, GL30518820, GL30534856, GL30578282, GL30617969, GL30699355, GL30702844, GL30719973, GL30731864, GL30739445, GL30769836, GL30771593, GL31233582, GL31973778, GL31976781, GL32306689, GL32462318, GL32810980, GL32904161.

শাখার নাম: হুগলি-রিষড়া জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20735062, GL20893664, GL20897872, GL22411163, GL22849720, GL26074931, GL26078065, GL26435160, GL26456592, GL26577246, GL26580479, GL26593398, GL26606609, GL26610591, GL26610720, GL26689524, GL26707778, GL26720275, GL26729237, GL26733927, GL26735588, GL27176310, GL27286725, GL27567080, GL27881580, GL27904175, GL28318334, GL28324792, GL28603274, GL28678887, GL28733875, GL28807593, GL28818751, GL29162283, GL29415790, GL29729750, GL29764839, GL29771583, GL29790994, GL29972640, GL30296527, GL30321416, GL30408805, GL30422357, GL30490389, GL30512798, GL30753183, GL30761897, GL31808501, GL32235627, GL32273464, GL32835248, GL33060883, GL33918403.

শাখার নাম: হুগলি-সিঙ্গুর নতুন বাজার জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20916396, GL21884105, GL21896034, GL24887420, GL24896724, GL25594501, GL25598794, GL25801711, GL26004598, GL26080496, GL26113561, GL26448325, GL26449906, GL26483967, GL26511961, GL26665737, GL26679027, GL26696867, GL26708419, GL26880721, GL26892273, GL26906451, GL26915178, GL27074358, GL27502732, GL27522817, GL27603170, GL27844946, GL27845124, GL27870164, GL27876037, GL27893290, GL27955962, GL28473394, GL28498111, GL28498475, GL28609523, GL28692833, GL28708692, GL28799655, GL28806909, GL28819821, GL28946440, GL28953395, GL29815456, GL30038372, GL30053177, GL30082435, GL30350765, GL30351972, GL30360533, GL30492831, GL30512582, GL30755283, GL30761925.

শাখার নাম: হুগলি-তারকেশ্বর জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20705748, GL20715287, GL20721032, GL20725721, GL20744508, GL20849213, GL24050832, GL25254388, GL25255879, GL25444727, GL25790146, GL25843129, GL25859273, GL26056888, GL26057144, GL26154457, GL26171713, GL26384274, GL26392560, GL26553887, GL26568299, GL26575114, GL26575242, GL26576910, GL26590388, GL26610151, GL26611480, GL26622098, GL26645658, GL26653212, GL26678390, GL27947435, GL27948317, GL28411139, GL28629149, GL28638230, GL28679787, GL28695444, GL28774501, GL28777786, GL29377047, GL29435026, GL29448964, GL30606959, GL30628487, GL32531587.

শাখার নাম: পাণ্ডুয়া-জিএল। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20857716, GL20895261, GL20928947, GL21891002, GL22545856, GL23159646, GL23719702, GL23829214, GL25702553, GL25713979, GL25728476, GL25740516, GL25749344, GL25773714, GL25888574, GL25893658, GL25903425, GL25905250, GL25907921, GL25909015, GL25934772, GL25944162, GL26180107, GL26181363, GL26197761, GL26198375, GL26265145, GL26270026, GL26277867, GL26278883, GL26345597, GL26444857, GL26452474, GL26494775, GL26510431, GL26523953, GL26544434, GL26566571, GL26574426, GL26575684, GL26575700, GL26585142, GL26591675, GL26598006, GL26600040, GL26605438, GL26609672, GL26609927, GL26610931, GL26624110, GL26644623, GL26653747, GL26667374, GL26671209, GL26673207, GL26678313, GL26678425, GL26715097, GL26734786, GL26767855, GL26798784, GL26941770, GL27166804, GL27167127, GL27465879, GL27482304, GL28603901, GL28618555, GL28651366, GL28652879, GL28661516, GL28681184, GL29392695, GL29938246, GL29959517, GL30097415, GL30098808, GL30112148, GL30328578, GL30458850, GL30490616, GL30517929, GL30521563, GL30554804, GL30560859, GL30664021, GL31807211, GL32447395, GL32508175, GL32602857, GL32675479, GL32806946, GL32821365, GL33110698.

শাখার নাম: শ্রীরামপুর-হুগলি শেওড়াফুলি নবগ্রাম। গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL20911482, GL22030161, GL23211181, GL24424471, GL24440969, GL25325070, GL25378777, GL25588008, GL25837985, GL26034480, GL26369456, GL26377662, GL26379677, GL26385019, GL26391764, GL26392104, GL26392157, GL26392514, GL26408843, GL26416578, GL26448906, GL26456053, GL26491018, GL26491252, GL26507909, GL26510118, GL26553254, GL26566371, GL26572091, GL26575037, GL26576757, GL26578714, GL26584402, GL26597062, GL26604844, GL26610205, GL26611292, GL26612153, GL26683817, GL26691556, GL26696010, GL26703341, GL26703907, GL26708408, GL26960401, GL27062797, GL27158542, GL27235853, GL27279171, GL27311272, GL27399252, GL27454936, GL27631174, GL27764250, GL27792230, GL27803016, GL27947958, GL27961639, GL27975005, GL28031524, GL28040656, GL28048960, GL28054460, GL28093140, GL28116790, GL28158697, GL28162381, GL28178895, GL28197147, GL28212491, GL28267840, GL28446211, GL28460327, GL28477456, GL28510473, GL28523153, GL28536861, GL28549414, GL28557142, GL28558111, GL28589887, GL28615708, GL28635229, GL28638204, GL28667694, GL28686530, GL28687611, GL28808859, GL28856066, GL28860225, GL28877322, GL28899922, GL28919934, GL29023950, GL29385184, GL29885291, GL29902903, GL29993553, GL30008289, GL30032275, GL30054807, GL30126244, GL30138054, GL30271912, GL30275668, GL30363969, GL30378496, GL30468887, GL30471562, GL30489753, GL30512663, GL30559370, GL30703766, GL30746114, GL30761490, GL32607379, GL32651478, GL32694730, GL32731958, GL32815555, GL32881687, GL33445948.

ই-অকশন ‘‘যেখানে যেরকমভাবে আছে’’, ‘‘যেমতাবস্থায় আছে’’ এবং ‘‘যা আছে’’ ভিত্তিতে পরিচালনা করা হবে এবং আইআইএফএল উল্লিখিত সোনার অলংকারের গুণমান, বিশুদ্ধতা, ক্যারেটেজ, ওজন বা ভ্যালুয়েশনের বিষয়ে কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি দেয় না। ই-অকশন প্রক্রিয়া এবং এই ধরনের ই-অকশন অনুসারে বিক্রয় (যদি হয়ে থাকে) শর্তাবলীর সাপেক্ষে হবে যেমনটি আইআইএফএল তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে আরোপ করা উপযুক্ত বলে মনে করবে। আইআইএফএল, কোনও পূর্ব নোটিশ ছাড়াই তার সম্পূর্ণ নিজস্ব বিবেচনার ভিত্তিতে, নিলাম তালিকা থেকে যে কোনও অ্যাকাউন্ট এবং কোনও কাজকে স্থগিত করতে পারে বা অপসারণ করতে পারে এবং তাই কোনও কারণ না জানিয়ে তারা যে কোনও একটি বা সমস্ত বিড বা অফার প্রত্যাখ্যান করতে পারে। খেলাপি করা ঋণগ্রহীতার বিবরণ, বন্ধক রাখা অলঙ্কার এবং অন্যান্য বিবরণ সংশ্লিষ্ট শাখায় প্রদর্শিত হয়েছে। খেলাপি ঋণগ্রহীতার(দের) কাছে সাম্প্রতিকতম সুদ এবং সমস্ত প্রযোজ্য চার্জ সহ সম্পূর্ণ বকেয়া পরিশোধ করার এবং এই নোটিশ প্রকাশের পরেও তাদের ঋণ অ্যাকাউন্ট বন্ধ করার বা সেটি নিয়মিত করার বিকল্প রয়েছে নিলামের তারিখ পর্যন্ত, কিন্তু এগুলি করতে ব্যর্থ হলে প্রতিশ্রুত নির্ধারিত সোনার অলঙ্কারগুলি বিক্রি করে দেওয়া হবে এবং বাকি বকেয়া (যদি থাকে) সুদ ও খরচ সহ আদায় করা হবে। তবে, এই প্রকাশনার পরে ক্লোজ বা রেগুলারাইজ করা লোন গুলোকে তাদের উপযুক্ত পাবলিকেশন চার্জ বহন করতে হবে। অকশনের অতিরিক্ত অর্থ ফেরতের জন্য ঋণগ্রহীতাদের তাদের লেটেস্ট ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ জমা / আপডেট করার অনুরোধ করা হচ্ছে, যদি থাকে।

বিস্তারিত তথ্য ও শর্তাবলীর জন্য আইআইএফএল ফাইন্যান্স লিমিটেডের সংশ্লিষ্ট শাখা অফিসে যোগাযোগ করুন।

তারিখ: 15.06.2024
স্থান: হুগলি

Sd/
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড

বিশ্বকাপে নতুন রেকর্ড ইংল্যান্ডের

কলকাতা, ১৪ জুন ঃ বিশ্বকাপে প্রথম জয় পেল ইংল্যান্ড। ওমানকে মাত্র ৪৭ রানে অল আউট করে মাত্র ১৯ বল খেলে জয় তুলে নিয়েছে তারা। বৃহস্পতিবার রাতে বিশ্বকাপের 'বি' গ্রুপের ম্যাচে ১০১ বল হাতে রেখে ওমানের বিরুদ্ধে ৮ উইকেটের বড় জয় পেল ইংল্যান্ড। আর এই জয়ে বিশ্বকাপে তারা সবচেয়ে বেশি বল হাতে রেখে ম্যাচ জয়ের নতুন রেকর্ড গড়লো। এর আগে ২০১৪ সালের বিশ্বকাপে সর্বোচ্চ ৯০ বল হাতে রেখে জয় পেয়েছিল শ্রীলঙ্কা। সেই আসরে নেদারল্যান্ডসের দেওয়া ৪০ রান তাড়া করতে নেমে মাত্র ৫ ওভারে জয় পেয়েছিল তারা। এদিকে চলতি বিশ্বকাপের ওমানের দেওয়া ৪৮ রান তুলে নিতে মাত্র ৩.১ ওভার খেলেছে ইংল্যান্ড।

বরুশিয়াকে বিদায় জানালেন টেরজিক

লন্ডন, ১৪ জুন ঃ ডর্টমুন্ডকে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে উঠানো কোচ এডিন টেরজিকের সঙ্গে সম্পর্ক ছিন্ন করল বরুশিয়া। প্রায় এক দশক আগে থেকে বরুশিয়ার সঙ্গে আছেন টেরজিক। ক্লাবের সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে আলোচনার পর সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি। ২০২৫ সাল পর্যন্ত টেরিজিকের সঙ্গে চুক্তি ছিল। ৪১বছর বয়সী এই কোচ বলেছেন, 'ওয়েম্বলির ম্যাচ শেষে ক্লাব কর্তাদের সঙ্গে আমি একটা মিটিং ডেকেছিলাম। প্রায় এক দশক ধরে আমি এই ক্লাবের হয়ে কাজ করছি। আমার এখন মনে হয়েছে, ক্লাবের টাচলাইনে একজন নতুন মানুষ দরকার।' টেরজিকের বিদায়ের ঘোষণা করে ফেসবুকে একটি ভিডিও শেয়ার করেছে বরুশিয়া। সেই ভিডিওতে অশ্রুসজল দেখা গেছে জার্মান কোচের। টেরজিকের অধীনে ২০২২-২৩ মরসুমে গোল ব্যবধানে লিগ শিরোপা হারায় বরুশিয়া। লেভারকুসেনের লিগ জেতার এ মরসুমে পাঁচে থেকে মরশুম শেষ করেছে তারা। আর তাতেই সুযোগ মিলছে আগামী মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলার।

নেদারল্যান্ডসকে হারিয়ে সুপার এইটের দিকে বাংলাদেশ

কলকাতা, ১৪ জুন ঃ ১৬০ রানটা খারাপ নয়। তবে মিডল ওভারে ম্যাচের নিয়ন্ত্রণ কিছুটা হলেও নিয়েছিল নেদারল্যান্ডস। তবে ১৫তম ওভারের পর থেকে খেলার মোড় ঘুরিয়ে দেয় রিশাদ হোসেন ও মুস্তাফিজুর রহমান। এই দুজনের অসাধারণ বোলিংয়ে জয় নিয়ে মাঠ ছেড়েছে বাংলাদেশ। বৃহস্পতিবার সেন্ট ভিনসেন্টে নেদারল্যান্ডসকে ২৫ রানে হারাল বাংলাদেশ। ১৬০ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ১৩৪ রান করেছে ডাচরা। এই জয়ে সুপার এইটে যাওয়ার পথে এগিয়ে রইল টাইগাররা। শেষ ম্যাচে নেপালের বিপক্ষে জিততে পারলেই সেরা আটে জায়গা করে নেবে নাজমুল হোসেন শান্তর দল।

সেঞ্চুরির হ্যাটট্রিকে বিরাট প্রত্যাবর্তন হবে কোহলির, আশাবাদী সুনীল গাভাস্কার

১৪ জুন ঃ আইপিএলে ৭৪১ রান। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপে এখনও পর্যন্ত দুঅঙ্কের রানে পৌঁছতে পারেননি বিরাট কোহলি। তিনটি ম্যাচেই ব্যর্থ হয়েছেন তিনি। কোহলি রান না পাওয়ায় উদ্বিগ্ন তাঁর ভক্তরা। সুনীল গাভাসকরের মতো প্রাক্তন ক্রিকেটার কোহলির পাশে এসে দাঁড়িয়েছেন। এবার ভারতের তারকা ব্যাটারের পাশে এসে দাঁড়িয়েছেন টিম ইন্ডিয়ার অলরাউন্ডার শিবম দুবে। সেই তিনি প্রেস কনফারেন্সে বলেন, আমি কোহলি সম্পর্কে বলার কে? তিনটি ম্যাচে রান পায়নি ঠিকই, পরবর্তী তিনটি ম্যাচে সেঞ্চুরির হ্যাটট্রিক করবে কোহলি। কোহলি কীরকম খেলেন, তাঁর খেলার ধরনধারণ সবটাই জানা টিম ইন্ডিয়ার সদস্যদের। দুবে বলেছেন, আমরা সবাই কোহলির খেলার ধরন জানি। ও কী করতে পারে, সেটাও আমাদের জানা। টি-টোয়েন্টি বিশ্বকাপে কোহলির রান যথাক্রমে ১,৪ এবং ০। বিরাটের খারাপ সময়ে

সানি ব্যাট ধরেছেন কোহলির হয়ে। গাভাসকরকে বলতে শোনা গিয়েছে, বিরাট জানে ওর দায়িত্ব। আমরা এই মুহূর্তে টুর্নামেন্টের প্রাথমিক পর্বেই রয়েছি। এখনও সুপার এইট আছে, সেমিফাইনাল আছে। আশা রাখি ভারত ফাইনালেও পৌঁছবে। দরকার এখন ধৈর্য্য। নিজের উপরে বিশ্বাস রাখতে হবে। আমার মনে হয় বিরাটের নিজের উপরে আত্মবিশ্বাস রয়েছে। ভারত একপ্রকার পৌঁছেই গিয়েছে সুপার এইটে। টিম ইন্ডিয়ার ভালো ফলাফলের জন্য কোহলিকে দ্রুত ফর্মে ফিরতে হবে। তাঁর সতীর্থরা কিন্তু মনে করছেন দ্রুতই রানে ফিরবেন কোহলি। বিরাটের ব্যাটের দিকে তাকিয়ে সবাই। চিন্তিত হওয়ার কিছু নেই। কোহলি ওর দায়িত্ব জানে। পাহাড়প্রমাণ রান করে ভারতকে অতীতে বহুবার জিতিয়েছেন কোহলি। বিশ্বকাপের তিনটি ম্যাচে রান না পাওয়ায় গেল গেল রব তোলার কিছু হয়নি। সানি আরও জানান, তিনটি ইনিংসে ব্যর্থ হওয়া মানে খারাপ খেলছে তা নয়। গাভাসকর বলেন, তিনটি ম্যাচে কম রান করেছে মানে এই নয় যে খারাপ খেলছে বিরাট কোহলি। কখনও ভালো ডেলিভারিতে আউট হয়ে যাচ্ছে। অন্য সময় হলে বল ওয়াইড হতো অথবা স্লিপের উপর দিয়ে বাউন্ডারি হয়ে যেত।

ঘরের মাঠে উদ্বোধনী ম্যাচে স্কটল্যান্ডের বিরুদ্ধে নামছে জার্মানি

১৪ জুন ঃ স্বমহিমায় ফিরছে ইউরোপ সেরার লড়াই। বিশ্বকাপের পর আন্তর্জাতিক ফুটবলের সবচেয়ে জনপ্রিয় টুর্নামেন্ট ইউরো কাপ। শুক্রবার মধ্যরাত থেকে শুরু হয়ে যাচ্ছে ইউরো কাপ ২০২৪। অতএব বঙ্গ ফুটবলপ্রেমীদের রাত জাগার পালা শুরু। ঘরের মাঠে উদ্বোধনী ম্যাচে নামছে জার্মানি। সামনে প্রতিপক্ষ স্কটল্যান্ড। সাম্প্রতিক সময়ে বড় টুর্নামেন্টে সাফল্য পায়নি ২০১৪-র বিশ্বচ্যাম্পিয়নরা। এবার কি দেশের সমর্থকদের সামনে স্বপ্নপূরণ হবে? একনজরে রইল জার্মানির শক্তি-দুর্বলতা। বয়স মাত্র ৩৬। কিন্তু ইতিমধ্যেই লাইপজিগ, বায়ার্ন মিউনিখের মতো বড় ক্লাবে কোচিং করিয়েছেন। ২০২২-র বিশ্বকাপে হান্সি ফ্লিকের ব্যর্থতার পর দায়িত্বে আসেন তিনি। দুই অভিজ্ঞ যোদ্ধা ইকাই গুন্দোগান আর টোনি ক্রুজের দিকে তাকিয়ে সমর্থকরা। অবসর ভেঙ্গে ক্রুজ ফিরে আসার পর নতুন ছন্দে ডানা মেলেছে জার্মানি। তার সঙ্গে রয়েছে জামাল মুসিয়ালা আর ফ্লোরিয়ান উইৎজ। ২১ বছর বয়সি মুসিয়ালা এর মধ্যেই ইউরোপের তারকা হয়ে উঠেছেন। বায়ার লেভারকুসেনের এবার বুন্দেশলিগা জয়ের অন্যতম কারিগর ছিলেন উইৎজ।গোল পোস্টের তলায় এখনও বিশ্বস্ত হাত ম্যানুয়েল নয়্যার। যার জন্য রিজার্ভ বেঞ্চে বসে থাকতে হয় টের স্টেগানকেও। আক্রমণভাগে 'বুড়ো ঘোড়া' থমাস মুলার যে কোনও সময়ে বিপজ্জনক হয়ে উঠতে পারেন। ছন্দে আছেন কাই হাভার্ৎজ, নিকলাস ফুলক্রুগারা। ডাগ আউটে নাগেলসমানের ক্ষুরধার মস্তিষ্ক পরিচালনা করবে গোটা জার্মান দলকে। বল দখল রাখতে পছন্দ করে তাঁর দল। প্রয়োজন বুঝে একাধিক ফর্মেশনে চলে যেতে পারেন। অনেকেই তাঁর মধ্যে ভবিষ্যতের ক্লপের ছায়া দেখছেন। দুর্বলতা- সাম্প্রতিক অতীত একেবারেই জার্মানির হয়ে কথা বলছে না। বিশ্বকাপে গ্রুপ পর্ব থেকে বিদায়। গত ইউরোয় শেষ ষোলোর গণ্ডির টপকাতে পারেনি। জার্মানির সাম্প্রতিক পারফরম্যান্স খুব একটা ভালো নয়। হেরেছে অস্ট্রিয়া, পোল্যান্ড, তুরস্কের মতো দলের কাছে। তবে সর্বশেষ দুই ম্যাচে নেদারল্যান্ডস আর ফ্রান্সকে হারিয়ে দিচ্ছে ঘুরে দাঁড়ানোর আভাস। জার্মানিকে সম্প্রতি সবচেয়ে বেশি ভুগিয়েছে 'নম্বর নাইনের' অভাব। বহুদিন ধরেই বিশ্বমানের স্ট্রাইকার নেই তাদের দলে। কাই হাভার্ৎজের দিকে নজর থাকবে ফুটবল ভক্তদের। ফলস নাইন হিসেবেও খেলানো হতে পারে তাঁকে। অভিজ্ঞতার অভাব আছে লেফট ব্যাকে। ডিফেন্সিভ মিডফিল্ডার কারা হবেন সেটাও চর্চায় থাকবে। বড় আন্তর্জাতিক টুর্নামেন্টে নাগেল সমানের অভিজ্ঞতার অভাব একটা চিন্তার বিষয় হতে পারে।

পাখির চোখ শেষ অলিম্পিক, উইম্বলডনে দেখা যাবে না নাদালকে

১৪ জুন ঃ শেষ বারের মতো অলিম্পিকে খেলবেন রাফায়েল নাদাল, সেই কারণেই উইম্বলডনে নামতে পারবেন না তিনি। ২২ বারের গ্র্যান্ড স্ল্যাম জয়ী রাফায়েল নাদাল নিজেই জানিয়েছেন একথা। নাদাল ও আলকারাজ প্যারিস অলিম্পিকে একসঙ্গে ডাবলস খেলবেন। স্পেনের অধিনায়ক ডেভিড ফেরার সিঙ্গলস খেলবেন। নাদাল বলেন, প্যারিস অলিম্পিকই আমার শেষ অলিম্পিক। তিনি আরও বলেন, কোর্টের চরিত্র আমি বদলাতে চাই না। প্যারিস অলিম্পিক পর্যন্ত ক্লে কোর্টে খেলে যেতে চাই। সেই কারণেই এবারের উইম্বলডনে নামতে পারব না। এর জন্য আমি সত্যিই দুঃখিত। এবারের ফরাসি ওপেন থেকে প্রথম রাউন্ডেই বিদায় নেন নাদাল। স্প্যানিশ কিংবদন্তির বিদায়ের সঙ্গে সঙ্গে শুরু হয়ে যায় জল্পনা।



তিনি কি শেষবারের মতো ফরাসি ওপেন খেলে ফেললেন? নাদাল অবশ্য সেই প্রশ্নের উত্তর দেননি। ক্লে কোর্টের রাজা নাদাল। তাঁর দীর্ঘ কেরিয়ারে মাত্র দুবার উইম্বলডন জেতেন তিনি। ক্লে কোর্টেই তিনি দাপট দেখান। ২০২২ সালে শেষবার উইম্বলডনে খেলেছিলেন তিনি। নিক কিরগিওসের বিরুদ্ধে সেমিফাইনালের আগে পেটের পেশির চোটের কারণে সরে দাঁড়াতে বাধ্য হয়েছিলেন নাদাল। আসন্ন প্যারিস অলিম্পিককেই যে তিনি পাখির চোখ করছেন, তা জানিয়েছিলেন নাদাল নিজেই।

টি২০ বিশ্বকাপে সুপার এইটে আফগানিস্তান, ওমানকে গুঁড়িয়ে লড়াইয়ে ফিরল ইংল্যান্ডও

১৪ জুন ঃ প্রশ্ন উঠছে টি২০ বিশ্বকাপের সুপার এইটে কি আদৌ পৌঁছতে পারবে ইংল্যান্ড? কিন্তু শুক্রবার ওমানকে দুরমুশ করে ফের সুপার এইটের লড়াইয়ে ফিরে এল ইংল্যান্ড। অন্যদিকে, পাপুয়া নিউ গিনিকে হারিয়ে সুপার এইটে কার্যত নিশ্চিত হয়ে গেল আফগানিস্তান। ২০২২ টি২০ বিশ্বকাপে চ্যাম্পিয়ন ইংল্যান্ড গ্রুপ 'বি'তে আছে। ২ ম্যাচে মাত্র ১ পয়েন্ট নিয়ে তারা রয়েছে চতুর্থ স্থানে। এমতাবস্থায় দুই ম্যাচে পাঁচ পয়েন্ট পেলেও সুপার এইটে যাওয়া নিয়ে যথেষ্ট সংশয় ছিল ইংল্যান্ডের। তবে শুক্রবার ওমানকে দুরমুশ করে ফের লড়াইয়ে ফিরে এলেন জস বাটলাররা। প্রথমে বল করতে নেমে ওমানকে মাত্র ৪৭ রানে অলআউট করে দেয় ইংল্যান্ডে। মাত্র ১১ রানে বিপক্ষের চারটি উইকেট তুলে নেন আদিল রশিদ। রান তাড়া করতে নেমে ওমানের বোলিং নিয়ে ছেলেখেলা করে ইংল্যান্ডের বাজবল। মাত্র ৩.১ ওভারে ৫০ রান তুলে ফেলে ইংল্যান্ড, দুই উইকেট খুইয়ে। মাত্র ৮ বলে ২৪ রান হাঁকান অধিনায়ক বাটলার। ৩ বলে ১২ রান করেন ফিল সল্টও। দাপুটে জয় পেয়ে রান রেট অনেকটাই বেড়ে গেল ইংল্যান্ডের। ফলে সুপার এইটের পথেও খানিকটা এগিয়ে গেল তারা। অন্যদিকে, পাপুয়া নিউ গিনিকে হারিয়ে সুপার এইটে খেলা নিশ্চিত করে ফেলল আফগানিস্তান। টসে জিতে বোলিং নেন অধিনায়ক রশিদ খান। ৯৫ রানে পাপুয়া নিউ গিনি অলআউট হয়ে যাওয়ার পরে আফগানিস্তানের জেতা স্রেফ সময়ের অপেক্ষা ছিল। ১৫.১ ওভারে ১০১ রান তোলে আফগান বাহিনী। ৪৯ রান করে অপরাজিত থাকেন গুলবদিন নাইব। গ্রুপ সির শীর্ষে থেকে সুপার এইটে যাওয়া কার্যত নিশ্চিত তাদের।

দেশের প্রাক্তনরাও বেজায় চটেছেন বাবর আজমের উপরে

১৪ জুন ঃ টি-টোয়েন্টি বিশ্বকাপে সময়টা ভালো যাচ্ছে না পাকিস্তান টিমের। কানাডাকে হারালেও বিশ্বকাপ থেকে ছিটকে যাওয়ার আশঙ্কা একশো শতাংশ। দেশে বাবর আজমদের উপরে ক্ষুব্ধ ক্রিকেট বিশেষজ্ঞরা। সম্প্রচারকারী চ্যানেলে ওয়াসিম আক্রমের মতো প্রাক্তন ক্রিকেটাররও বাবর আজমদের একহাত নিয়েছেন। দলের ভিতরে অন্তর্ঘাত রয়েছে এমন বিস্ফোরক অভিযোগও করেছেন আক্রম। পাকিস্তানের আরেক প্রাক্তন আহমেদ শেহজাদ আরও সুর চড়িয়েছেন বাবর আজমের বিরুদ্ধে। শেহজাদ বলেছেন, আমার যা পরিসংখ্যান তা দিয়ে আমি তোমার থেকে ভালো খেলতে পারতাম। তোমার স্ট্যাট দেখছি আমার থেকেও খারাপ। এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে

তিনটি ম্যাচে বাবর আজমের রান ৯০। স্ট্রাইক রেট খুবই কম পাক অধিনায়কের। শেজহাদ বলছেন, তুমি বিশ্বকাপের পাওয়ারপ্লেতে ২০৫ বল খেলেছ। কিন্তু তুমি একটা ছক্কাও মারতে পারোনি। আমার নিজের পরিসংখ্যানের আরও উন্নতি করার দরকার ছিল। কিন্তু তোমার পরিসংখ্যান আরও খারাপ। ২০৫ বল অবশ্য নেহাতই কথার কথা। তবে বাবর আজম যে শ্লথ গতিতে ব্যাটিং করছেন, সেই দিকেই ইঙ্গিত করছেন অনেকে। বাবরকে আরও কড়া ভাষায় আক্রমণ করেছেন শেহজাদ। তিনি বলেছেন, ঘরোয়া পরিকাঠামো তুমি ধ্বংস করেছো। ঘরোয়া ক্রিকেটে যারা ভালো খেলছে, তাদের পরিবর্তে তুমি তোমার বন্ধুদের দলে নিয়েছো।

সেরা স্ট্রাইকার ইস্টবেঙ্গলেই

১৪ জুন ঃ সব প্রতীক্ষার অবসান। ইস্টবেঙ্গলেই এলেন দিমিত্রিয়স দিয়ামান্তাকোস। গ্রিক স্ট্রাইকার ২ বছরর জন্য চুক্তি করেছেন লেসলি ক্লডিয়াস সরণির ক্লাবের সঙ্গে। গত আইএসএলের সর্বাধিক গোলদাতা দিমিত্রি। কেরালা ব্লাস্টার্সের জার্সিতে খেলেছিলেন দিমিত্রিয়স দিয়ামান্তাকোস। ১৭টি ম্যাচ থেকে ১৩ টি গোল করেছিলেন তিনি। ইস্টবেঙ্গলের কোচ কার্লেস কুয়াদ্রাত তাঁর দলের নতুন স্ট্রাইকার প্রসঙ্গে বলেছেন, দিমিত্রি ভারতীয় পরিবেশ পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিয়েছে। ওর অন্তর্ভুক্তি আমাদের দলের শক্তি বাড়াবে। আমাদের সঙ্গে দিমিত্রি কথাবার্তা হয়। ওর কাছে একাধিক ক্লাবের প্রস্তাব ছিল। কিন্তু শেষমেশ আমাদের প্রজেক্ট শুনে ও ইস্টবেঙ্গলে সই করে। গ্রিক স্ট্রাইকার নিজেও লাল হলুদ জার্সি পরে নামার অপেক্ষায়। তিনি বলেছেন, এশিয়ায় ইস্টবেঙ্গলের ফ্যান বেস অন্যতম সেরা। বিশাল সংখ্যক ভক্ত অনুরাগীদের সামনে খেলতে আমি একপ্রকার মুখিয়ে রয়েছি। আমি নিজের সেরাটা দেব। ইস্টবেঙ্গল যাতে আরও সাফল্য পায়, সেই চেষ্টাই আমি করব। ভক্ত অনুরাগীদের খুশি করব বলেই আশা রাখি। মোহনবাগানে রয়েছেন দিমিত্রি পেত্রাতোস। তাঁকে সমর্থকরা আদর করে দিমি বলে ডাকেন। ইস্টবেঙ্গলেও আসতে চলেছেন আরেক দিমি। ডার্বি দেখবে দুই দিমির লড়াই। আন্তর্জাতিক পর্যায়ে দিমিত্রি দিয়ামান্তাকস গ্রিসের সিনিয়র দলের প্রতিনিধিত্ব করেন। ২০১২ সালে উয়েফা ইউরোপিয়ান অনূর্ধ্ব ১৯ চ্যাম্পিয়নশিপে রানার্স আপ হয়। সেই দলের সদস্য ছিলেন দিমিত্রি।

কলকাতা ফুটবল লিগের দামামা বাজলো

১৪ জুন ঃ যতই জুন জুলাই জুড়ে ফুটবলপাগল বাঙালিদের চোখ কোপা আমেরিকা ও ইউরো কাপে থাকুক না কেন, শহরের তিন প্রধানও কিন্তু এই সময়ে কলকাতা ময়দান দাপাবে। বেজে গেল কলকাতা ফুটবল লিগের দামামা। সিএফএল শুরু হচ্ছে ২৫ জুন থেকে। ক্লাব প্রতিনিধিদের উপস্থিতিতে লটারির মাধ্যমে হয়ে গেল লিগের গ্রুপ বিন্যাস। এবার একই গ্রুপে রয়েছে দুই চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গল-মোহনবাগান। যার মানে গ্রুপ লিগেই হচ্ছে 'বড় ম্যাচ'! অন্য গ্রুপে রয়েছে গতবারের চ্যাম্পিয়ন মহামেডান স্পোর্টিং ক্লাব। এবার মোট ২৬ দলের লিগ দেখা যাবে। প্রতিটি গ্রুপে রাখা হয়েছে ১৩টি করে দল। ২৫ জুন উদ্বোধনী ম্যাচে মহমেডান খেলবে উয়াড়ির বিরুদ্ধে।

নাসাউ স্টেডিয়াম ভেঙে করা হবে পার্ক

নিউইয়র্ক, ১৪ জুন ঃ নিউইয়র্কের নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম। যেখানে খেলা হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচগুলো। বলা যেতে পারে এই স্টেডিয়াম হয়েছিল বিশ্বকাপের ম্যাচ হওয়ার জন্য। আর বিশ্বের প্রথম

'মডিউলার' ক্রিকেট স্টেডিয়াম বলা হয় এই স্টেডিয়ামকেই। স্টিল ও অ্যালুমিনিয়াম দিয়ে তৈরি এই স্টেডিয়াম। চাইলেই স্থানান্তর করা যাবে এই স্টেডিয়াম। যুক্তরাষ্ট্রে বিশ্বকাপ আয়োজনের কর্মযজ্ঞের একটা বিস্ময়কর নিদর্শন নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম। শুধুমাত্র বিশ্বকাপ আয়োজনের জন্য এই স্টেডিয়াম নির্মাণ করেছিল যুক্তরাষ্ট্র। এই মাঠে গ্রুপ পর্বের প্রথম দিকের কিছু ম্যাচ হয়েছিল। এবার আর এই স্টেডিয়ামে কোন ম্যাচ হচ্ছে না। এবার সব ম্যাচ চলে যাবে ওয়েস্ট ইন্ডিজে। তাই আর থাকছে না এই স্টেডিয়ামও। নিউইয়র্কের ইস্ট মিডো অঞ্চলে আইজেনহাওয়ার পার্কের একটা অংশে গড়ে তোলা হয়েছিল নাসাউ কাউন্টি স্টেডিয়াম। ৩৪ হাজার দর্শক ধারণক্ষমতার এই স্টেডিয়ামের স্থাপনার সংযুক্তি খুলে ও বুলডোজারের মাধ্যমে ভেঙে ফেলে অন্যত্র সরিয়ে নেওয়া হবে। এই স্টেডিয়াম ভাঙার কাজ শুরু হওয়ার অপেক্ষায়। স্টেডিয়ামটি ভেঙে সরিয়ে ফেলতে প্রায় ৬ সপ্তাহ সময় লাগবে বলে জানানো হয়েছে।

শুক্রবার জার্মানি-স্কটল্যান্ড ম্যাচ দিয়ে শুরু হচ্ছে ইউরো

কলকাতা, ১৪ জুন ঃ শুক্রবার ১৭তম ইউরোপের ফুটবলের শ্রেষ্ঠত্বের আসর ইউরো চ্যাম্পিয়নশিপ শুরু হচ্ছে জার্মানি ও স্কটল্যান্ডের ম্যাচ দিয়ে। ১০টি ভেন্যুতে খেলা হবে। খেলবে ২৪টি দেশ। দুই জার্মানি এক হওয়ার পর এই প্রথমবার ইউরোর একক আয়োজক হচ্ছে জার্মানি। উদ্বোধনী ম্যাচ রাত ১টায় শুরু হবে। এর আগে জার্মানিতে ইউরো হয়েছিল ১৯৮৮ সালে। তার পরের বছরই বার্লিন ওয়াল ভেঙ্গে একক দেশ হয় জার্মানি। সব প্রস্তুতি শেষ। ২৬শে জুন পর্যন্ত গ্রুপ পর্বে দুই থেকে চারটি ম্যাচ হবে। শীর্ষ ষোলোর ম্যাচগুলো জন্য লড়াই শুরু হবে ২৯শে জুন থেকে। ফাইনাল হবে ১৪ জুন বার্লিনে। ইউরোর ম্যাচগুলো হবে যথাক্রমে অলিম্পিয়া স্টেডিয়াম, কোহলাইন স্টেডিয়াম, ডর্টমুন্ড, ডুসেলডর্ফ অ্যারেনা, ফ্র্যাঙ্কফুর্ট অ্যারেনা, গেলজেনকির্চেন অ্যারেনা, ভক্সপার্কস্টেডিয়ম হামবুর্গ, লাইপজিগ স্টেডিয়াম, মিউনিখ ও স্টুটগার্টে।

হার্দিককে বিশ্বস্ত থাকার পাঠ শেখাতে চাইছেন নাতাশা

১৪ জুন ঃ বিচ্ছেদের গুঞ্জনের মধ্যেই এবার আলোচনায় নাতাশা স্ট্যানকোভিচের সোশ্যাল পোস্ট। তাহলে কি হার্দিককে সম্পর্কে বিশ্বস্ত থাকার পাঠ পড়াতে চাইছেন নাতাশা! তাঁর ইনস্টাগ্রাম পোস্ট অন্তত সেইদিকেই ইঙ্গিতবহ। হলিউড অভিনেতা ড্যানজেল ওয়াশিংটনের কোট শেয়ার করে নাতাশা লেখেন, 'নৈতিকতা, সম্মান এবং বুদ্ধিমত্তা আবার ট্রেন্ডে ফিরুক। বাকি সমস্ত কিছুর সঙ্গে এটারও অপেক্ষা করছি।' নাতাসা বুধবার তার অফিসিয়াল ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে ছেলে অগস্ত্য পান্ডিয়ার সঙ্গে কিছু আনন্দের মুহূর্ত ভাগ করেছেন। অভিনেত্রী তার ছেলের সঙ্গে তার খোলামেলা মুহূর্তের ছবি এবং ভিডিয়ো সিরিজ শেয়ার করেছেন। প্রথম ছবিতে, অগস্ত্যকে তার মাকে কাছে ধরে থাকতে দেখা যায় তারা একসঙ্গে ঘুমাচ্ছে। আরেকটি ছবিতে দেখা যাচ্ছে নাতাসা লিফটের আয়নায় সেলফি তুলছেন। তিনি তার ছেলের পুশআপ করার একটি ভিডিয়োও পোস্ট করেছেন। অন্য একটি ভিডিয়োতে দেখানো হয়েছে যে তিনি জিমে নাচের ওয়ার্কআউট করছেন। কয়েকদিন ধরে হার্দিক পান্ডিয়া ও নাতাশা স্ট্যানকোভিচের বিচ্ছেদের গুঞ্জন শোনা যাচ্ছিল। যদিও হার্দিক বা নাতাশার কেউই আনুষ্ঠানিক ভাবে তাঁদের বিচ্ছেদের গুঞ্জনে শিলমোহর দেননি।

ইউরো জয়ে কোন টিম চ্যাম্পিন হবে,উঠছে প্রশ্ন

১৪ জুন ঃ রাত পোহালেই শুরু হয়ে যাচ্ছে ইউরো। ফুটবল বিশেষজ্ঞরা কোন টিমকে চ্যাম্পিয়নের দাবিদার হিসাবে দেখছেন? নীচে তুলে দেওয়া হল। আসন্ন ইউরো জয়ের ব্যাপারে বিশ্বফুটবলের বরেণ্য কোচ জোস মোরিনহো পর্তুগালকেই ফেভারিট ধরছেন। তাঁর আরও মনে হচ্ছে, ইউরোতে প্রবল ভুগবে ইতালি। যারা কি না গত ইউরোয় চ্যাম্পিয়ন। এক সাক্ষাৎকারে মোরিনহো বলে দিয়েছেন, ''আমার মতে, পর্তুগাল ইউরো জয়ের ক্ষেত্রে এক নম্বর ফেভারিট। দু'নম্বরে ইংল্যান্ড। তৃতীয় ফেভারিট ফ্রান্স। তার পর যথাক্রমে জার্মানি আর স্পেন। ইতালি পারবে না ট্রফি ধরে রাখতে। ওদের টিমে তেমন প্রতিভা নেই।'' প্রাক্তন ইতালি ফুটবলার মনে করেন, তাঁর দেশের ইউরো জয়ের এবার তেমন সম্ভাবনা নেই। টোনি বলেছেন, ''ইউরো জয়ের ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে ফ্রান্স। তার পর যথাক্রমে ইংল্যান্ড ও জার্মানি থাকবে ইতালির সম্ভাবনা তেমন দেখছি না।'' মোরিনহোর সঙ্গে সহমত ইংল্যান্ডের প্রাক্তন ফুটবলার ওয়েন রুনিও। যিনি বর্তমানে কোচিং করেন। রুনির মতে, ইউরো জয়ের ক্ষেত্রে সবচেয়ে

বড় দাবিদার ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পর্তুগাল। ''পর্তুগালের টিমটা খুব ভালো। টুর্নামেন্ট জয়ের ক্ষেত্রে ওরা ভালো রকম ফেভারিট।'' আসন্ন ইউরোয় প্রাক্তন ইংল্যান্ড ডিফেন্ডার রিও ফার্দিনান্দের বাজি তাঁর নিজের দেশ। তিনি বলেছেন, ''আমার মতে, ইউরো জয়ের সেরা দাবিদার দু'টো দেশ। ইংল্যান্ড আর ফ্রান্স। জার্মানিও লম্বা যাবে বলে আমার বিশ্বাস। কারণ ওদের দেশেই এবার টুর্নামেন্ট।'' অতীতের বিখ্যাত ইংল্যান্ড প্লেয়ারের মতে, এবারের ইউরো ইংল্যান্ডের। তিনি বলেছেন, ''এবারই ইংল্যান্ডের ইউরো জেতার সেরা সুযোগ। ইংল্যান্ড যদি কোনও ভাবে না পারে, তা হলে আমি বলব ইউরো জিতবে ফ্রান্স। ওদের টিমে যা প্রতিভা আর অভিজ্ঞতা রয়েছে, তাতে ওদের হারানো খুবই কঠিন হবে।''

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com